গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২৩













জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বাংলাদেশ
NATIONAL SKILLS DEVELOPMENT AUTHORITY BANGLADESH

## জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
## প্রধানমন্ত্রীর কার্যালয়

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

بسم الله الرحمن الرحيم



প্রধানমন্ত্রী

**প্রধানমন্ত্রী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৯ ভাদ্র ১৪৩০

০৩ সেপ্টেম্বর ২০২৩

# বাণী

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) ২০২২-২০২৩ অর্থবছরের সার্বিক কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুবদের যথাযথ শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে কর্মক্ষম করে গড়ে তোলার মাধ্যমে স্বাবলম্বী হওয়ার ওপর গুরুত্ব প্রদান করেছিলেন। তিনি অনুধাবন করেছিলেন- যুবরাই জাতির প্রাণশক্তি, উন্নয়ন ও অগ্রগতির প্রধান নিয়ামক। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) জাতির পিতার অভীষ্ট বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে নানা উদ্যোগ গ্রহণ করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

আওয়ামী লীগ সরকার দেশে দক্ষ জনশক্তি তৈরের মাধ্যমে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্য নিয়ে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমরা সম্ভাবনাময় ও সৃজনশীল যুবদের বর্তমান সময়ের সাথে সঙ্গতিপূর্ণ ও যথাযথ দক্ষতা প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ হিসেবে করে গড়ে তোলার ওপর প্রাধান্য দিচ্ছি। আমাদের সরকার ২০১৮ সালে "জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন" প্রণয়নের মাধ্যমে সংস্থাটি প্রতিষ্ঠা করে ২০১৯ সালের ফেব্রুয়ারি থেকে দক্ষতা উন্নয়নে জাতীয় পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। আমরা জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০২২ এবং জাতীয় দক্ষতা উন্নয়ন উন্নয়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৭ অনুমোদন করেছি। আমাদের সরকারের লক্ষ্যই হলো অনানুষ্ঠানিক খাতের বিপুল শ্রমশক্তি এবং স্বল্পশিক্ষিত মানুষদের দক্ষতার উন্নয়ন ঘটিয়ে মূলধারার শ্রমশক্তিতে অন্তর্ভুক্ত করা।

বর্তমান বিশ্বে প্রযুক্তির ক্রমাগত পরিবর্তনের কারণে যেমন কিছু কিছু কর্মক্ষেত্র সংকুচিত হচ্ছে, তেমনি স্বাভাবিক প্রক্রিয়ায় নতুন নতুন পেশার উদ্ভব হচ্ছে। এ প্রেক্ষাপটে প্রতিনিয়ত নতুন পেশা চিহ্নিত করে মানসম্পন্ন দক্ষতা উন্নয়ন প্রতিষ্ঠানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে এনএসডিএ পদক্ষেপ গ্রহণ করছে। নতুন প্রযুক্তির সাথে খাপ-খাওয়াতে দক্ষতা উন্নয়নে

নতুন নতুন পাঠ্যক্রম, দক্ষতা স্ট্যান্ডার্ড প্রণয়নের মাধ্যমে সংশ্লিষ্ট প্রযুক্তির বিষয় প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ লক্ষ্যে দক্ষতা উন্নয়নে প্রচলিত প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা জরুরি। যুবদের গুণগত দক্ষতা প্রশিক্ষণ প্রদান করে দেশে-বিদেশে শোভন কর্মসংস্থানের মাধ্যমে জীবনমানের ইতিবাচক পরিবর্তন করতে হবে, যা আওয়ামী লীগ সরকারের অন্যতম অগ্রাধিকার। এ লক্ষ্য বাস্তবায়নে প্রতিষ্ঠিত এনএসডিএ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পর্কীয় সকল কার্যক্রমের সমন্বয় সাধন, দক্ষতার পারস্পরিক স্বীকৃতি, অভিন্ন প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন ও সনদায়ন এবং পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের জন্য সংশ্লিষ্ট অংশীজনের সাথে নিবিড়ভাবে কাজ করছে। তাছাড়া, চাহিদার নিরিখে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত গবেষণা কার্যক্রমও পরিচালনা করছে।

আমি মনে করি, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনটি সহায়ক প্রতিষ্ঠানসমূহ এবং অংশীজনকে প্রতিষ্ঠানটি সম্পর্কে সম্যক ধারণা লাভে সাহায্য করবে। আমি এনএসডিএ-এর কার্যক্রমের বিস্তৃতি এবং উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।



**শেখ হাসিনা**



**প্রধানমন্ত্রীর মুখ্য সচিব**
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণের আদর্শ ও অনুপ্রেরণাকে উপজীব্য করে তাঁর সুযোগ্য উত্তরসূরী বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্ব দরবারে উন্নয়নের রোল মডেল। মাননীয় প্রধানমন্ত্রীর অদম্য ও অনুসরণীয় রাজনৈতিক প্রজ্ঞায় বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে। দ্রুত উন্নত দেশে উত্তরণের জন্য তিনি গ্রহণ করেছেন রূপকল্প ২০৪১। চাহিদা অনুযায়ী দক্ষ জনবল গড়ে তোলার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কাজ করে যাচ্ছে।

বর্তমান বিশ্বের বহুমাত্রিক পেশার চাহিদার পরিপ্রেক্ষিতে পরিবর্তনশীল প্রযুক্তির সাথে তাল মিলিয়ে দেশের যুব সমাজকে দক্ষতা প্রশিক্ষণে সম্পৃক্ত করার যাবতীয় কার্যক্রম গ্রহণ এনএসডিএ-এর অন্যতম দায়িত্ব। চতুর্থ শিল্প বিপবের চ্যালেঞ্জ মোকাবেলা করে এর সুবিধা গ্রহণে জাতীয় ও আন্তর্জাতিক বাজারের উপযোগী দক্ষতা প্রশিক্ষণের নিমিত্ত অভিন্ন প্রশিক্ষণ কারিকুলাম, কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড প্রণয়ন, যোগ্যতাভিত্তিক প্রশিক্ষণ সামগ্রী প্রণয়ন, অ্যাসেসমেন্ট ও সনদায়ন এনএসডিএ-এর মূল কার্যক্রমের অংশ। এ সকল লক্ষ্য বাস্তবায়নে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ এবং দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৭ প্রণয়ন করা হয়। দক্ষতা প্রতিষ্ঠান নিবন্ধন, কোর্স ও অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে অনুমোদন প্রদান, অ্যাসেসমেন্ট পরিচালনা ও সনদায়নসহ দক্ষতা-সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণের জন্য জাতীয় দক্ষতা পোর্টাল তৈরি করা হয়েছে। সংশ্লিষ্ট অংশীজন এ পোর্টাল ব্যবহারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবেন।

চাহিদা ও পরিবর্তনের সঙ্গে উদ্ভাবনীমূলক দক্ষতা উন্নয়নে সকল অংশীজনের সম্পৃক্ততা নিশ্চিতকরণ, বিভিন্ন শিল্প সেক্টরে দক্ষতার চাহিদা নিরূপণ, স্কিলস গ্যাপ নির্ণয় এবং স্কিলস ইকোসিস্টেম প্রতিষ্ঠায় গবেষণা পরিচালনার বিষয়েও এনএসডিএ কাজ করছে। ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম তুলে ধরে এনএসডিএ তথ্যবহুল বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। এ প্রকাশনার মাধ্যমে বিভিন্ন অংশীজন এনএসডিএ-এর কার্যক্রম সম্পর্কে সম্যক অবহিত ও উপকৃত হবেন বলে আশা করি।

আমি এনএসডিএ-এর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ তোফাজ্জল হোসেন মিয়া





# উপক্রমণিকা

বর্তমান বিশ্বে প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার অন্যতম প্রধান উপায় দক্ষতা উন্নয়ন। সে-কারণে দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে দক্ষতা প্রশিক্ষণের সার্বিক পরিকল্পনা প্রণয়ন জরুরি। মানুষের জীবনমানের উন্নয়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধির জন্য দেশের বিপুল কর্মক্ষম জনগোষ্ঠীর কর্মসংস্থান করা সরকারের অন্যতম লক্ষ্য। এ লক্ষ্যকে সামনে রেখে যুবসমাজকে দক্ষতা প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদার ভিত্তিতে দক্ষ জনসম্পদ হিসেবে গড়ে তোলার জন্য এনএসডিএ কাজ করছে।

দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও এনএসডিএ-এর মধ্যে সংযোগ স্থাপন, দক্ষতার চাহিদা ও সরবরাহ বিষয়ে গবেষণা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর সাথে বাজারে বিদ্যমান চাহিদার সমন্বয় সাধন, চাহিদার পরিপ্রেক্ষিতে অভিন্ন পাঠ্যক্রম প্রণয়ন, বাজারের চাহিদার পূর্বাভাস প্রদান, শিল্পে সংযুক্তি ও শিক্ষানবিশ নিয়োগে সহযোগিতা, উপযুক্ত বিশেষজ্ঞদের দ্বারা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি এবং যোগ্য ও প্রত্যায়িত অ্যাসেসর দ্বারা অ্যাসেসমেন্ট এবং সংশ্লিষ্ট খাত ও উপখাতে নিয়োজিত কর্মীদের আপ-স্কিলিং ও রি-স্কিলিং কার্যক্রমে এনএসডিএ-কে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এ পর্যন্ত ১৬টি শিল্প দক্ষতা পরিষদ (Industry Skills Council: ISC) গঠন করা হয়েছে।

২০২২-২৩ অর্থবছরে ২১১টিসহ এ পর্যন্ত সর্বমোট ৫৭০টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়েছে। এনএসডিএ হতে ২১৬টি দক্ষতামান ও ২১৬টি কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট, ৭৪টি যোগ্যতাভিত্তিক পাঠ্যক্রম ও ১৬৮টি কম্পিটেন্সি বেইজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম) প্রণীত হয়েছে। এনএসডিএ-এর নিবন্ধিত প্রতিষ্ঠান থেকে এ পর্যন্ত ৬৫১৮ জন প্রশিক্ষণার্থীর অ্যাসেসমেন্ট সম্পন্ন করে ৪৪৬০ জনকে সনদ প্রদান কর হয়েছে। এছাড়া, ২০২২-২০২৩ অর্থবছরেই প্রথমবারের মতো জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল হতে অনুদান প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

প্রতিবেদন প্রকাশে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনা এবং এ প্রকাশনার জন্য তাঁর প্রেরিত বাণী আমাদেরকে অনুপ্রাণিত করেছে। অধিকন্তু, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া এনএসডিএ-কে সার্বিক সহযোগিতা প্রদানের মাধ্যমে ঋদ্ধ করেছেন।

এনএসডিএ-এর ২০২২-২৩ অর্থবছরের কার্যক্রমের ওপর বার্ষিক প্রতিবেদনটি সফলভাবে প্রকাশনার জন্য প্রশাসন অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকলে একাগ্রচিত্তে কাজ করেছেন। সকলকে আন্তরিক ধন্যবাদ।

**নাসরীন আফরোজ**
নির্বাহী চেয়ারম্যান (সচিব)

# সম্পাদকীয়

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্বপ্নের 'সোনার বাংলা' বাস্তবায়নে কাজ করছেন তাঁর সুযোগ্য উত্তরসূরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মাননীয় প্রধানমন্ত্রীর নিরলস প্রচেষ্টায় বাংলাদেশ আজ বিশ্ব দরবারে একটি শক্তিশালী অর্থনীতির দেশ হিসেবে আবির্ভূত হয়েছে। বাংলাদেশ এখন বিশ্বের অনুকরণীয় রাষ্ট্রে পরিণত হয়েছে।

বর্তমানে প্রায় সতেরো কোটির বাংলাদেশ এখন ডেমোগ্রাফিক ডিভিডেন্ড বা জনমিতিক লভ্যাংশের সুবিধা ভোগ করছে। যথাযথভাবে এ সুযোগ কাজে লাগাতে পারলে ঈপ্সিত সময়ের মধ্যেই বাংলাদেশ কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবে। দেশের এ কর্মক্ষম যুবগোষ্ঠীকে দীর্ঘমেয়াদি পরিকল্পনামাফিক দক্ষতা প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে গড়ে তোলা হলে তারা দেশে ও আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজেদের কর্মসংস্থান তৈরি করে নিতে পারবে। দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি গড়ে তোলার মাধ্যমে বাংলাদেশ ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশে পরিণত হবে। সেই লক্ষ্যে মানবসম্পদ উন্নয়নে এনএসডিএ কাজ করছে। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০২২ বাস্তবায়ন, একীভূত প্রশিক্ষণ কার্যক্রম সমন্বয়, গবেষণা পরিচালনা এবং পারস্পরিক স্বীকৃতি চুক্তিসহ (Mutual Recognition Agreement: MRA) বেশকিছু কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।

অপরদিকে, এনএসডিএ শক্তিশালীকরণ টিএপিপির আওতায় প্রচার-প্রচারণা, সেমিনার ও ওয়ার্কশপ আয়োজনের কার্যক্রম অব্যহত রয়েছে। অন্যান্য বছরের ন্যায় ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এনএসডিএ-এর চারটি উইং-এর সম্পাদিত কার্যক্রম একীভূত করে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। আশা করি, এনএসডিএ-এর ২০২২-২৩ অর্থবছরের এ প্রকাশনা অংশীজন, গবেষক এবং সংশ্লিষ্টদের কাজে লাগবে।

প্রতিবেদন তৈরিতে সার্বক্ষণিক তদারকি এবং নির্দেশনা দিয়েছেন এনএসডি-এর সম্মানীত নির্বাহী চেয়ারম্যান জনাব নাসরীন আফরোজ মহোদয়। তাঁর প্রতি অশেষ কৃতজ্ঞতা। এনএসডিএ-এর সম্মানীত সদস্যবর্গ প্রতিবেদনটির মান উন্নয়নে পরামর্শ দিয়ে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন। প্রকাশনার জটিল কাজটি বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। খসড়া তৈরি, বিভিন্ন উৎস হতে ছবি সংগ্রহ, প্রুফ দেখার কাজে আমার সহকর্মীগণ আন্তরিকভাবে সহযোগিতা করেছেন।

তথ্য-উপাত্ত সংগ্রহকালীন ব্যাপক সতর্কতা অবলম্বন করা সত্ত্বেও অনিচ্ছাকৃত ত্রুটিবিচ্যুতি থাকার সম্ভাবনা রয়ে যায়। মুদ্রণজনিত প্রমাদসহ এ ধরনের ত্রুটিবিচ্যুতি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য সম্মানিত পাঠকবৃন্দকে অনুরোধ করছি।



**কামরুন নাহার সিদ্দীকা**
সদস্য, এনএসডিএ
ও
অতিরিক্ত সচিব

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩


**সার্বিক তত্ত্বাবধান**

**নাসরীন আফরোজ**
নির্বাহী চেয়ারম্যান (সচিব), এনএসডিএ

**সম্পাদক**

**কামরুন নাহার সিদ্দীকা**
সদস্য (প্রশাসন ও অর্থ) ও অতিরিক্ত সচিব, এনএসডিএ

**সহযোগী সম্পাদক**

**মুসরাত মেহ্ জাবীন**
সদস্য (পরিকল্পনা ও দক্ষতামান) ও অতিরিক্ত সচিব, এনএসডিএ

**আলিফ রুদাবা**
সদস্য (সমন্বয় ও অ্যাসেসমেন্ট) ও যুগ্মসচিব, এনএসডিএ

**মোঃ জোহর আলী**
সদস্য (নিবন্ধন ও সনদায়ন) ও যুগ্মসচিব, এনএসডিএ

**সম্পাদনা সহকারী**

**মোহাম্মদ মাহফুজুর রহমান**
পরিচালক (সংযুক্ত), এনএসডিএ

**মোঃ কামরুল হাসান**
সহকারী পরিচালক (প্রকিউরমেন্ট), এনএসডিএ

**অলংকরণ ও মুদ্রণ**

হেরিটেজ প্রিন্টার্স
ফকিরাপুল, ঢাকা

# সূচিপত্র


মাননীয় প্রধানমন্ত্রীর এনএসডিএ অফিস পরিদর্শন ১৯

এনএসডিএ-এর গভর্নিং বোর্ডের প্রথম সভা ২০

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের পরিচিতি ২১

২০২২-২০২৩ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি ২৮

- প্রশাসন ও অর্থ উইং ২৮
- পরিকল্পনা ও দক্ষতামান উইং ৩৮
- নিবন্ধন ও সনদায়ন উইং ৪৩
- সমন্বয় ও অ্যাসেসমেন্ট উইং ৪৯
- এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্প ৫১

এনএসডিএ-এর অগ্রাধিকারভিত্তিক কার্যক্রম ৫৯

প্রণীত বিধিমালা, নীতিমালা ও গাইডলাইন ৫৯

এনএসডিএ-এর সাবেক নির্বাহী চেয়ারম্যান ৬০

ফটো গ্যালারি/নিউজ ৮০

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| এপিএ (APA) | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (Annual Performance Agreement) |
| বিএনকিউএফ (BNQF) | বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (Bangladesh National Qualification Framework) |
| বিটিইবি (BTEB) | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (Bangladesh Technical Education Board) |
| সিএডি (CAD) | কোর্স অ্যাক্রেডিটেশন ডকুমেন্ট (Course Accreditation Document) |
| সিবিসি (CBC) | কম্পিটেন্সি বেজড কারিকুলাম (Competency Based Curriculum) |
| সিবিএলএম (CBLM) | কম্পিটেন্সি বেইজড লার্নিং ম্যাটেরিয়াল (Competency-Based Learning Material) |
| সিওই (COE) | সেন্টার অব অ্যাক্সিলেন্স (Centre of Excellence) |
| সিএস (CS) | কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (Competency Standard) |
| জিওবি (GoB) | গর্ভনমেন্ট অব বাংলাদেশ (Government of Bangladesh) |
| আইএলও (ILO) | ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (International Labour Organization) |
| আইএসসি (ISC) | ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (Industry Skills Council) |
| কেপিআই (KPI) | প্রধান কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator) |
| এলডিসি (LDC) | স্বল্পোন্নত দেশ (Least Developed Country) |
| এলএমআইএস (LMIS) | লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (Labour Market Information System) |
| এমআরএ (MRA) | পারস্পরিক স্বীকৃতি চুক্তি (Mutual Recognition Agreement) |
| এনএইচআরডিএফ (NHRDF) | জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (National Human Resource Development Fund) |
| এনজিও (NGO) | নন-গভর্মেন্ট অর্গানাইজেশন (Non-Government Organization) |
| এনএসডিএ (NSDA) | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (National Skills Development Authority) |
| এনএসডিসি (NSDC) | জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (National Skills Development Council) |
| এনএসডিপি (NSDP) | জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (National Skills Development Polic) |
| এনএসপি (NSP) | ন্যাশনাল স্কিলস পোর্টাল (National Skills Portal) |
| এনএসকিউএফ (NSQF) | ন্যাশনাল স্কিলস কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (National Skills Qualification Framework) |
| পিআইসি (PIC) | প্রজেক্ট ইমপিমেন্টেশন কমিটি (Project Implementation Committee) |
| পিএসসি (PSC) | প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (Project Steering Committee) |
| কিউএ (QA) | কোয়ালিটি অ্যাসুরেন্স (Quality Assurance) |
| আরপিএল (RPL) | পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior Learning) |
| এসটিপি (STP) | স্কিলস ট্রেইনিং প্রোভাইডার/দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান (Skills Training Provider) |
| টিভিসি (TVC) | টেলিভিশন কমার্সিয়াল (Television Commercial) |
| টিএপিপি (TAPP) | কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব (Technical Assistance Project Proposal) |
| টিভিইটি (TVET) | কারিগরি এবং বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (Technical and Vocational Education & Training) |

# মাননীয় প্রধানমন্ত্রীর
# এনএসডিএ অফিস পরিদর্শন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৫ ফেব্রুয়ারি ২০২৩ এনএসডিএ-এর অফিস পরিদর্শন করেন। এ সময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান এফ রহমান এমপি ও প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া। মাননীয় প্রধানমন্ত্রীকে এনএসডিএ-এর অফিসে স্বাগত জানান নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ।

উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রী এনএসডিএ-এর গভর্নিং বোর্ডের চেয়ারম্যান।





এনএসডিএ-এর অফিসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং অন্যান্য অতিথিবৃন্দ

# এনএসডিএ-এর গভর্নিং বোর্ডের প্রথম সভা

৩১ জুলাই ২০২২ সকাল ১০টায় মন্ত্রিপরিষদ সভাকক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রী ও এনএসডিএ-এর গভার্নিং বোর্ডের চেয়ারম্যান শেখ হাসিনা-এঁর সভাপতিত্বে এনএসডিএ-এর গভর্নিং বোর্ডের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় এনএসডিএ-এর উল্লেখযোগ্য কার্যক্রম অবহিত করা, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২ এর খসড়া, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৭, জাতীয় দক্ষতা উন্নয়ন সংক্রান্ত স্বল্প এবং মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা সভায় অনুমোদিত হয়। উক্ত সভায় গভর্নিং বোর্ডের অন্যান্য সদস্যবর্গ উপস্থিত ছিলেন।





গভর্নিং বোর্ডের সভায় সভাপতিত্ব করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা




# জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যক্রম

## ভূমিকা

দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে এসডিজি বাস্তবায়ন ও ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশ তথা স্মার্ট বাংলাদেশে রূপান্তরের ক্ষেত্রে দক্ষ জনশক্তি তৈরি এবং তাদের কর্মসংস্থান নিশ্চিত করা অপরিহার্য। এ-জন্য ক্রমবর্ধমান শিল্পায়নের ক্ষেত্রে দেশ ও বিদেশের শ্রমবাজারের বহুমুখী শ্রমের চাহিদা পূরণ, প্রযুক্তির পরিবর্তনের সাথে তাল মিলিয়ে প্রশিক্ষণ প্রদান, পরিবর্তিত আন্তর্জাতিক বাজারে অধিক সংখ্যক দক্ষ শ্রমিকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা দরকার। বাংলাদেশে প্রতিবছর ২২ লক্ষের অধিক যুব শ্রমবাজারে প্রবেশ করে। জনসংখ্যার বিচারে বাংলাদেশ বর্তমানে ডেমোগ্রাফিক ডিভিডেন্ট অর্থাৎ জনমিতিক লভ্যাংশের সুবিধা গ্রহণের পর্যায়ে আছে। শ্রমবাজারে প্রতিবছর যুক্ত হওয়া এ যুব জনগোষ্ঠীকে বিদ্যমান ও সম্ভাবনাময় ভবিষ্যৎ পেশায় উপযুক্ত দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে গড়ে তুলে সেই ডেমোগ্রাফিক ডিভিডেন্টের সুযোগ পুরোপুরি কাজে লাগানো যায়।

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের বিদ্যমান ধারাবাহিকতা বেগবান করে উচ্চতর প্রবৃদ্ধির পথে উত্তরণের নিমিত্ত বাংলাদেশের বিপুলসংখ্যক কর্মক্ষম জনগোষ্ঠীকে উৎপাদনক্ষম দক্ষ মানবসম্পদে পরিণত করা, মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিতকরণসহ অভিন্ন সনদায়নের লক্ষ্যে এনএসডিএ কাজ করছে। এ লক্ষ্যে প্রশিক্ষণ সম্পর্কীয় সকল কার্যক্রমের সমন্বয়সাধন, দক্ষতার পারস্পরিক স্বীকৃতি, অভিন্ন প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, সনদায়ন এবং পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের মাধ্যমে কর্মহীন যুব সমাজকে জনশক্তিতে রূপান্তর ও কর্মসংস্থানের ব্যবস্থা করতে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

দক্ষতা প্রশিক্ষণ তদারকি, দক্ষতা প্রশিক্ষণার্থীদের সনদায়ন, অ্যাসেসর পুল তৈরি, শিল্প দক্ষতা পরিষদ গঠন ইত্যাদি কার্যক্রম পরিচালনার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে এনএসডিএ ফেব্রুয়ারি ২০১৯ থেকে কার্যক্রম শুরু করে।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৮ অনুযায়ী এনএসডিএ-এর গভর্নিং বোর্ডের চেয়ারম্যান মাননীয় প্রধানমন্ত্রী। এছাড়া, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব কার্যনির্বাহী কমিটির সভাপতি। নির্বাহী চেয়ারম্যান (সচিব) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রধান এবং গভর্নিং বোর্ড ও কার্যনির্বাহী কমিটির সদস্যসচিব। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদিত মোট জনবল ৮৮ জন।

## ১.২ রূপকল্প

দক্ষ মানবসম্পদ তৈরি।

## ১.৩ অভিলক্ষ্য

জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার ভিত্তিতে দক্ষতা উন্নয়ন সম্পর্কিত যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা ও সমন্বয় সাধনের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি।

## ১.৪ উদ্দেশ্য

১) দেশের কর্মক্ষম জনগোষ্ঠীকে দক্ষতা প্রশিক্ষণে এবং চাকরিদাতা প্রতিষ্ঠান, দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকল অংশীজনকে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে আগ্রহী করে তোলা।

২) আন্তর্জাতিকভাবে স্বীকৃত উত্তম অনুশীলন চর্চা (Best Practice) অনুসরণে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে দক্ষ শ্রমিকের চাহিদা পূরণে সক্ষম একটি কার্যকর মানসম্মত দক্ষতা প্রশিক্ষণ ও সনদায়ন ব্যবস্থা গড়ে তোলা।

৩) অনগ্রসর জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতে যুক্ত করার লক্ষ্যে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে তাদের জন্য বিশেষ সুযোগ সৃষ্টি করা।

৪) দক্ষতা উন্নয়ন বিষয়ে বিদ্যমান আইন, বিধি ও নীতিমালার আলোকে দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সকল কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে সৃষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো কার্যকর করা।

৫) দক্ষতা উন্নয়ন নীতি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

## ১.৫ গভর্নিং বোর্ড

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৮ অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীকে চেয়ারম্যান করে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষের একটি গভর্নিং বোর্ড রয়েছে:

(ক) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, ভাইস-চেয়ারম্যান

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রীগণ

(গ) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

(ঘ) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(ঙ) মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়

(চ) প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, কৃষি মন্ত্রণালয়ের সচিব

(ছ) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

(জ) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ

(ঝ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর একজন প্রতিনিধি

(ঞ) শিল্প দক্ষতা পরিষদ হতে সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি

(ট) মানবসম্পদ ও দক্ষতা উন্নয়নে বিশেষ অবদান রেখেছেন সরকার কর্তৃক মনোনীত এরূপ ১ (এক) জন প্রতিনিধি

(ঠ) নির্বাহী চেয়ারম্যান, এনএসডিএ, সদস্যসচিব

গভর্নিং বোর্ড, প্রয়োজনে, যে কোনো ব্যক্তিকে গভর্নিং বোর্ডের সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

## ১.৬ কার্যনির্বাহী কমিটি

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ১১ অনুযায়ী প্রধানমন্ত্রীর মুখ্য সচিবকে সভাপতি করে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষের একটি কার্যনির্বাহী কমিটি রয়েছে:

(ক) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(খ) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

(গ) মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

(ঘ) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

(ঙ) মহাপরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র

(চ) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর

(ছ) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(জ) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

(ঝ) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

(ঞ) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ)

(ট) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন্য একজন যুগ্মসচিব

(ঠ) শিল্প দক্ষতা পরিষদ হতে নির্বাচিত ২ (দুই) জন প্রতিনিধি

(ড) বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন কর্তৃক মনোনীত-এর একজন প্রতিনিধি

(ণ) ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশন কর্তৃক মনোনীত-এর একজন প্রতিনিধি

(ত) নির্বাহী চেয়ারম্যান, সদস্যসচিব

কার্যনির্বাহী কমিটি, প্রয়োজনে, যে কোনো ব্যক্তিকে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

## ১.৭ কর্তৃপক্ষ

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৫ অনুযায়ী নির্বাহী চেয়ারম্যানকে প্রধান করে ৪ (চার) জন সদস্যের সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত।

## ১.৮ এনএসডিএ-এর দায়িত্ব ও কার্যাবলি

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৬ অনুযায়ী কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ:

(ক) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা;

(খ) দেশীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের জন্য দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator), অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়ন এবং বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;

(গ) জাতীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার পূর্বাভাস সম্পর্কিত তথ্য প্রকাশ এবং খাতভিত্তিক দক্ষতা তথ্য ভান্ডার প্রতিষ্ঠা করা;

(ঘ) এই আইনের পরিধিভুক্ত, প্রযোজ্য ক্ষেত্রে, পেশার পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior Learning) প্রদান করা;

(ঙ) দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্প ও কর্মসূচি পরিবীক্ষণ ও সমন্বয় সাধন করা;

(চ) প্রশিক্ষণের মান উন্নয়ন, সনদায়ন ও পারস্পরিক স্বীকৃতির ব্যবস্থা গ্রহণ করা;

(ছ) শিল্প দক্ষতা পরিষদ গঠন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;

(জ) শিল্প সংযুক্তিকরণ (Industry Linkage) শক্তিশালী করা;

(ঝ) দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক স্বীয় বিবেচনায় কোনো কার্যক্রম গ্রহণ করা; এবং

(ঞ) সরকার বা গভর্নিং বোর্ড কর্তৃক নির্দেশিত অন্য কোনো দায়িত্ব পালন করা।

## ১.৯ এনএসডিএ-এর দক্ষতা প্রশিক্ষণ কার্যক্রম

এনএসডিএ দেশের দক্ষতা প্রশিক্ষণের সার্বিক সমন্বয় ও সনদায়নের শীর্ষ প্রতিষ্ঠান। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে জীবনমানের ইতিবাচক পরিবর্তনের জন্য দেশের বিপুল সংখ্যক কর্মক্ষম জনগোষ্ঠীকে উৎপাদনক্ষম দক্ষ মানবসম্পদে পরিণত করা, মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিতকরণসহ অভিন্ন সনদায়নের লক্ষ্যে এনএসডিএ কাজ করছে। এ লক্ষ্যে প্রশিক্ষণ সম্পর্কীয় সকল কার্যক্রমের সমন্বয় সাধন, দক্ষতার পারস্পরিক স্বীকৃতি, অভিন্ন প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, সনদায়ন এবং পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের মাধ্যমে কর্মহীন যুবসমাজকে জনশক্তিতে রূপান্তর করে কর্মসংস্থানের সুযোগ তৈরির লক্ষ্যে এনএসডিএ অংশীজনের মধ্যে সমন্বয় করে থাকে।

নিবন্ধিত দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান (Skills Training Provider: STP) এনএসডিএ-এর দক্ষতা প্রশিক্ষণ কার্যক্রমের মূল অংশীজন। দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ এনএসডিএ থেকে নিবন্ধন, কোর্স পরিচালনার স্বীকৃতি ও অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে স্বীকৃতি লাভের পর এনএসডিএ-এর দক্ষতা স্ট্যান্ডার্ড ও কারিকুলাম অনুসারে স্বীকৃতিপ্রাপ্ত কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। স্বীকৃতিপ্রাপ্ত কোনো নির্দিষ্ট পেশা বা কোর্সে নির্দিষ্ট সময়ে প্রশিক্ষণ শেষে এনএসডিএ-এর অনুমোদন ক্রমে এনএসডিএ-এর পুলভুক্ত অ্যাসেসর দ্বারা অ্যাসেসমেন্ট সম্পন্ন করা হয়। উল্লেখ্য, এনএসডিএ সরাসরি কোনো পেশার প্রশিক্ষণ প্রদান করে না।

প্রশিক্ষণ থেকে সনদায়ন পর্যন্ত সার্বিক কার্যক্রম একটি নির্দিষ্ট প্রক্রিয়ায় সম্পন্ন করা হয়, যা নিম্নরূপ:

১) দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান (এসটিপি) নিবন্ধন, কোর্স ও অ্যাসেসমেন্ট সেন্টারের স্বীকৃতি;

২) দক্ষতামান, কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট, কারিকুলাম, সিবিএলএম ও অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন;

৩) এসটিপি কর্তৃক প্রশিক্ষণ শেষে অ্যাসেসমেন্ট পরিচালনা কম্পিটেন্ট প্রশিক্ষণার্থীদের সনদায়ন;

৪) সনদধারীগণের তথ্য এনএসপি-তে সংরক্ষণ।

## ১.১০ এনএসডিএ-এর জনবল

এনএসডিএ-এর অনুমোদিত মোট জনবল ৮৮ জন এবং ২০২২-২৩ অর্থবছরে কর্মরত জনবল ৫৬ জন যা নিম্নরূপ:

| ক্র.ন. | পদ | অনুমোদিত জনবল | ২০২২-২৩ অর্থবছরে কর্মরত জনবল |
|---|---|---|---|
| ১. | নির্বাহী চেয়ারম্যান (সচিব) | ০১ জন | ০১ জন |
| ২. | নির্বাহী চেয়ারম্যান (সচিব)-এর একান্ত সচিব | ০১ জন | ০১ জন |
| ৩. | সদস্য | ০৪ জন | ০৪ জন |
| ৪. | পরিচালক | ০৮ জন | ০৮ জন |
| ৫. | উপপরিচালক | ১৪ জন | ০৯ জন |
| ৬. | সিস্টেম এনালিস্ট | ০১ জন | ০১ জন |
| ৭. | প্রোগ্রামার | ০১ জন | – |
| ৮. | সহকারী পরিচালক | ২৩ জন | ১৪ জন |
| ৯. | সহকারী প্রোগ্রামার | ০১ জন | ০১ জন |
| ১০. | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ জন | – |
| ১১. | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১ জন | – |
| ১২. | সহকারী লাইব্রেরিয়ান | ০১ জন | ০১ জন |
| ১৩. | ব্যক্তিগত কর্মকর্তা | ০৫ জন | ০৪ জন |
| ১৪. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৫ জন | ০১ জন |
| ১৫. | ক্যাশিয়ার | ০১ জন | ০১ জন |
| ১৬. | ভান্ডাররক্ষক | ০১ জন | ০১ জন |
| ১৭. | ডাটা এন্ট্রি অপারেটর | ০২ জন | – |
| ১৮. | অফিস সহায়ক | ১৭ জন | ০৯ জন |
| | মোট | ৮৮ জন | ৫৬ জন |

# ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সম্পাদিত কার্যাবলি

## ২.০ প্রশাসন ও অর্থ উইং

### ২.১ জনবল নিয়োগ

এনএসডিএ-এর অনুমোদিত জনবলের মধ্যে ৫৪টি পদ নিজস্ব। গত ২৪ জুন ২০২১ তারিখে প্রকাশিত চাকরি প্রবিধানমালা, ২০২১ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মতামতের ভিত্তিতে এনএসডিএ-এর নিজস্ব জনবল হিসেবে সামগ্রিক নিয়োগ-প্রক্রিয়া সম্পন্ন করে ১৩টি পদে ৪৪ জন কর্মকর্তা/কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়। ইতোমধ্যে শূন্য পদে পুনরায় নিয়োগ কার্যক্রম শুরু করা হয়েছে।

### ২.২ জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২

বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটের পরিবর্তন, অন্যান্য কৌশলের সাথে সমন্বয় সাধন এবং নতুন প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ও আইনি কাঠামোর সাথে সামঞ্জস্যকরণের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি এনএসডিপি-২০২২ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি এনএসডিপি-২০২২-এর মূল বিষয়বস্তু নিম্নোক্ত ১০টি অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে:

১. ভূমিকা ও স্থানীয় পরিপ্রেক্ষিত;

২. চাহিদাভিত্তিক, নমনীয় এবং সংবেদনশীল প্রশিক্ষণ ব্যবস্থা;

৩. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষকের গুণমান নিশ্চিতকরণ;

৪. দক্ষতা প্রশিক্ষণে প্রবেশগম্যতা এবং পরিধির উন্নয়ন;

৫. দক্ষতা প্রশিক্ষণে শিল্পের সম্পৃক্ততা;

৬. কার্যকর, নমনীয় ও ফলাফল-কেন্দ্রিক দক্ষতা ব্যবস্থাপনার উন্নয়ন;

৭. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ বিষয়ে গবেষণা, জরিপ ও পর্যালোচনা;

৮. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের জন্য আর্থিক সংস্থান;

৯. দূরদর্শী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতি; এবং

১০. বাস্তবায়ন কৌশল।

নীতি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টজনদের সেমিনার, ওর্য়াকশপ, সভা আয়োজনের মাধ্যমে অবহিতকরণের কার্যক্রম চলমান আছে।

## ২.৩ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা (Action Plan) ২০২২-২৭

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮; জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিধিমালা, ২০২০; জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)- ২০২২; নির্বাচনী ইশতেহার, ২০১৮; ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, এসডিজি অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জন এবং রূপকল্প ২০৪১ বিবেচনায় নিয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৭ অনুমোদিত হয়েছে। স্কিলস ২১ প্রজেক্ট, আইএলও-এর সহযোগিতায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৭ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। কর্মপরিকল্পনায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ২০২২ প্রথম ও শেষ অধ্যায় (ভূমিকা ও স্থানীয় পরিপ্রেক্ষিত ও বাস্তবায়ন কৌশল) ব্যতীত ৮টি বিষয়ভিত্তিক ক্ষেত্রের (Thematic Areas) ওপর ভিত্তি করে প্রণীত হয়েছে এবং এটি বাস্তবায়নের কার্যক্রম চলছে। ইতোমধ্যে ২০২২-২৩ অর্থবছরে এনএসডিএ থেকে ৩১৯৮ জনসহ ৫৭টি মন্ত্রণালয় থেকে প্রায় ১৬,২৯,৩৫৬ জনকে প্রশিক্ষণ প্রদানের তথ্য পাওয়া যায়। এ কর্মপরিকল্পনাটি বাস্তবায়িত হলে পাঁচ বছরে মোট ৮৬ লক্ষের বেশি যুবকে বিভিন্ন অকুপেশনে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যমাত্রা নির্ধারণ হয়েছে।

উল্লেখ্য যে, গত ৩১ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত গভর্নিং বোর্ডের ১ম সভায় জাতীয় দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত স্বল্প ও মধ্যমেয়াদী লক্ষ্যমাত্রাসমূহ অনুমোদিত হয়েছে এবং দীর্ঘমেয়াদী লক্ষ্যসমূহ অর্জনের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করার কাজ চলমান রয়েছে।

## ২.৪ বিশ্ব যুব দক্ষতা দিবস উদ্‌যাপন

বেকারত্ব এবং কর্মসংস্থানের চ্যালেঞ্জ মোকাবেলা করে যুবদের জন্য উন্নততর আর্থসামাজিক পরিবেশ সৃষ্টি, প্রতিযোগিতামূলক শ্রমবাজারে টিকে থাকার জন্য তরুণদের দক্ষতা বৃদ্ধির গুরুত্ব অনুধাবন ও স্বীকৃতির জন্য দক্ষতা অর্জন ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৪ সালের ১৮ ডিসেম্বর অনুষ্ঠিত জাতিসংঘের সাধারণ সভায় প্রতিবছর জুলাই মাসের ১৫ তারিখ বিশ্ব যুব দক্ষতা দিবস (World Skills Day) পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। এর উদ্দেশ্য হলো, বেকারত্ব এবং কর্মসংস্থানের চ্যালেঞ্জ মোকাবেলা করে যুবদের জন্য উন্নততর আর্থসামাজিক পরিবেশ সৃষ্টি করা। প্রতিযোগিতামূলক ও চ্যালেঞ্জিং শ্রমবাজারে টিকে থাকার জন্য তরুণদের দক্ষতা বৃদ্ধির গুরুত্ব অনুধাবন ও স্বীকৃতির জন্য দক্ষতা উন্নয়ন ব্যবস্থার সাথে সংশিষ্ট কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান এবং অন্যান্য সরকারি ও বেসরকারি অংশীজন কর্তৃক দিবসটি উদ্‌যাপন করা হয়।

২০২২ সালে এনএসডিএ-এর আয়োজনে ১৫ জুলাই বিশ্ব যুব দক্ষতা দিবস উদ্‌যাপিত হয়। দক্ষতা উন্নয়ন ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান এবং অন্যান্য সরকারি ও বেসরকারি অংশীজন কর্তৃক দিবসটি উদ্‌যাপন করা হয়। বিশ্ব যুব দক্ষতা দিবস ২০২২-এ “Transforming Youth Skills for the Future” প্রতিপাদ্য নির্বাচন করা হয়।




বিশ্ব যুব দক্ষতা দিবস, ২০২২

যথাযোগ্য মর্যাদায় বিশ্ব যুব দক্ষতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে এনএসডিএ কর্তৃক র‍্যালি, দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে মোবাইলে ম্যাসেজ প্রদান, ব্যানার ও ফেস্টুন দিয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক সজ্জিতকরণ, টেলিভিশনে স্ক্রল আকারে খবর প্রকাশ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রেস রিলিজ প্রদান, ব্রোশিওর তৈরিসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

## ২.৫ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

২০২২-২৩ অর্থবছরে প্রধানমন্ত্রীর কার্যালয় ও এর আওতাধীন সংস্থা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে এনএসডিএ-এর অর্জন সন্তোষজনক।

প্রধানমন্ত্রীর কার্যালয় ও এর আওতাধীন সংস্থা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথযাথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১-এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এবং সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

গত অর্থবছরে এনএসডিএ-এর নিম্নোক্ত বিষয়ে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে:

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কার্যক্রম (Activities) | অর্জন |
|---|---|---|
| দক্ষতা উন্নয়ন | পেশাগত দক্ষতামান প্রণয়ন | ৬৮ |
| | কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট প্রণয়ন | ৬৮ |
| | পাঠ্যক্রম প্রণয়ন | ৩৫ |
| | সিবিএলএম প্রণয়ন | ৪৫ |
| | প্রতিষ্ঠান নিবন্ধন আবেদন নিষ্পত্তি | ২০৬ |
| | কোর্স স্বীকৃতির আবেদন নিষ্পত্তি | ১৪৮ |
| | অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতির আবেদন নিষ্পত্তি | ১৩৮ |
| | প্রশিক্ষক অ্যাসেসমেন্ট এর আবেদন নিষ্পত্তি | ১৬৯ |
| | অ্যাসেসর অ্যাসেসমেন্টর আবেদন নিষ্পত্তি | ১৫৯ |
| | প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট | ২৮৭০ |
| | অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন | ৬৬ |
| স্কিলস ইকোসিস্টেম শক্তিশালীকরণ | অন্যান্য মন্ত্রণালয় /বিভাগ/দপ্তরের সাথে সংযোগ স্থাপন | ১০০ |
| | স্কিলস পোর্টাল চালু | ১০ |
| | আইএসসি গঠন | ২ |
| | টিভিসি/এভিসি/ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত | ৩ |
| | দক্ষতা প্রশিক্ষণ বিষয়ক প্রচারণামূলক সভা/সেমিনার/ওয়ার্কশপ/শোভাযাত্রা | ৮ |
| | নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে দক্ষতা বিষয়ক অবহিতকরণ সভা | ৩ |
| | কর্তৃপক্ষের জনবলের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ | ৬০ |
| | দক্ষতা প্রতিযোগিতার আয়োজন/অংশগ্রহণ | ৩ |
| | দক্ষতা উন্নয়ন সম্পর্কিত রিসার্চ/সার্ভে/স্ট্যাডি | ৬ |
| নীতি/কর্মপরিকল্পনা/ গাইডলাইন প্রণয়ন | জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২ চূড়ান্ত অনুমোদন; | ৩১.০৭.২০২২ |
| | দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুমোদন | ২৭.১২.২০২২ |
| | এ্যাপ্রেন্টিসশিপ গাইডলাইন | ২৮.০৭.২০২২ |
| | জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২ বাস্তবায়নের পরিবীক্ষণ ও মূল্যায়ন ফ্রেমওয়ার্ক | ২৮.১২.২০২২ |

## ২.৬ 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষ জনশক্তি' শীর্ষক কর্মশালা

২৪ মে ২০২৩ বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের শৈলপ্রপাত হলরুমে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের উদ্যোগে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষ জনশক্তি' শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্রের (বিটাক) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিনিয়র টিইভিটি স্পেশালিস্ট জনাব এবিএম খোরশেদ আলম।

উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর ২০২২ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের বিষয়টি উল্লেখ করেন। মূলত বাংলাদেশকে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী জাতি হিসেবে গড়ে তুলতেই সরকারের এই পরিকল্পনা। স্মার্ট বাংলাদেশ গড়ার চারটি ভিত্তি হলো, স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার, ও স্মার্ট সমাজ। কর্মশালায় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় দপ্তর/সংস্থার প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা, শিল্প দক্ষতা পরিষদের সদস্যসহ এনসডিএ-এর নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।



প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ

## ২.৭ টেলিভিশন কমার্সিয়াল (টিভিসি)/ডকুমেন্টারি নির্মাণ ও প্রচার

বাংলাদেশের বর্তমান সামাজিক প্রেক্ষাপটে দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে নেতিবাচক ধারণা বা সোস্যাল স্টিগমা বিরাজমান। দক্ষতা প্রশিক্ষণ গ্রহণ করে সংশ্লিষ্ট পেশায় চাকরি পাওয়া সহজ হয় এবং বেকারত্ব থেকে মুক্তির পাশাপাশি জীবনমানের পরিবর্তন সম্ভব হয়। সাধারণ শিক্ষা অর্জনের ক্ষেত্রে যেমন স্বীকৃতি পাওয়া যায়; তেমনিভাবে দক্ষতা প্রশিক্ষণ গ্রহণ করে আয়বর্ধক কাজে নিয়োজিত হয়ে সামাজিক মর্যাদা লাভ করা যায়। এ কারণে, দক্ষতার সামাজিক স্বীকৃতি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। বর্তমান সময়ের প্রচারণার সকল মাধ্যম ব্যবহার করে সরকারি-বেসরকারি, প্রাতিষ্ঠানিক-অপ্রাতিষ্ঠানিক, ব্যক্তি, পারিবারিক ও সামাজিক পর্যায়ে ব্যাপক প্রচারপ্রচারণা, প্রণোদনা প্রদান ও শ্রমের উৎকর্ষের স্বীকৃতি প্রদানের সকল উপায় ও সুযোগ কাজে লাগানোর জন্য জাতীয় পর্যায়ে দক্ষতা প্রতিযোগিতার আয়োজন এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে দক্ষতার সামাজিক স্বীকৃতি বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।




নির্মিত ও প্রচারিত টেলিভিশন কমার্সিয়াল ও ক্যারিয়ার শো

দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে সামাজিক নেতিবাচকতা দূর করে দক্ষতা প্রশিক্ষণকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার বিষয়ে এনএসডিএ কাজ করছে। ২০২২-২৩ অর্থবছরে দুইটি টেলিভিশন কমার্শিয়াল (টিভিসি) নির্মাণ করা হয়েছে যা বিটিভি, বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলসহ অনলাইন প্লাটফর্মে প্রচারিত হচ্ছে। গত অর্থবছরে এনএসডিএ-এর পরিচিতি, কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরে দুইটি ডকুমেন্টারি নির্মাণ করা হয়েছে। এছাড়া, ‘এনএসডিএ ক্যারিয়ার শো’ নামে ছয় পর্বের আলোচনা অনুষ্ঠান নির্মাণ ও চ্যানেল আইয়ে প্রচার করা হয়েছে।



## ২.৮ প্রশিক্ষণ

### ২.৮.১ নবনিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ

এনএসডিএ-এর নিজস্ব জনবল যোগদানের পর তাদের জন্য ১৫ দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়। এছাড়া ৫ম থেকে ৯ম গ্রেডের ১৬ (ষোলো) জন কর্মকর্তার বুনিয়াদি প্রশিক্ষণ গত ২১ মে ২০২৩ থেকে ০১ জুন ২০২৩ পর্যন্ত বিসিএস প্রশিক্ষণ একাডেমিতে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শেষে আনুষ্ঠানিকভাবে কর্মকর্তাদের সনদ প্রদান করা হয়। প্রশিক্ষণ চলাকালীন উপস্থিতি, প্রশ্নোত্তর পর্ব, দলগত কাজ, পোশাক পরিচ্ছদ, শিষ্টাচার ও নিয়ামানুবর্তিতার ওপর পর্যবেক্ষণের মাধ্যমে অংশগ্রহণমূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

### ২.৮.২ অভ্যন্তরীণ (ইন-হাউস) প্রশিক্ষণ

এনএসডিএ-এর কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বাড়ানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে নিম্নোক্ত বিষয়ে মোট ২০টি প্রশিক্ষণের আয়োজন করা হয়:

| ক্র.ন. | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | এনএসডিএ-এর কর্মকর্তা/কর্মচারীদের নোট লিখন, ই-নথি উপস্থাপনা ও ব্যবস্থাপনায় প্রশিক্ষণ | ২১ সেপ্টেম্বর ২০২২ |
| ২. | বাজেট শাখার কর্মকর্তা/কর্মচারীদের জন্য বাজেট, হিসাব ও আইবাস বিষয়ে প্রশিক্ষণ | ২৮ সেপ্টেম্বর ২০২২ |
| ৩. | ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন (ই-নথি ব্যবস্থাপনা) | ১৭ নভেম্বর ২০২২ |
| ৪. | তথ্য অধিকার আইন ২০০৯ বিধিমালা, প্রবিধান মালা | ২০ নভেম্বর ২০২২ |
| ৫. | তথ্য অধিকার আইন ২০০৯ বিধিমালা, প্রবিধান মালা | ২১ নভেম্বর ২০২২ |
| ৬. | ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন (ই-নথি ব্যবস্থাপনা) | ২২ নভেম্বর ২০২২ |
| ৭. | বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর বিষয়ক) | ২৯ নভেম্বর ২০২২ |
| ৮. | ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ০৯ এপ্রিল ২০২৩ |

## ২.৯ জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ) বিতরণ

দেশের বিপুলসংখ্যক জনগোষ্ঠীকে শিক্ষা ও কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদে পরিণত করা এবং দেশ ও বিদেশের বাজারের ক্রমবর্ধমান চাহিদা অনুযায়ী দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে প্রয়োজনীয় ক্ষেত্রে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে সরকার জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ) গঠন করেছে।

এনএইচআরডিএফ ব্যবহার নীতিমালা, ২০১৯ অনুযায়ী ১২ ধরণের প্রতিষ্ঠান/কার্যক্রম যেমন সরকারি/বেসরকারি দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান, শিল্প দক্ষতা পরিষদ, শিল্প সংগঠন, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত এনজিও, অনুমোদিত সেন্টার অফ এক্সিলেন্স, দক্ষতা উন্নয়নের সাথে সম্পর্কিত গবেষণা ও উদ্ভাবন কাজে সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান কার্যক্রমের সাথে সম্পৃক্ত দক্ষতা প্রদানকারী প্রতিষ্ঠান/শিল্পপ্রতিষ্ঠান, শিক্ষানবিশি (অ্যাপ্রেন্টিসশিপ) কার্যক্রমে সম্পৃক্ত শিল্প দক্ষতা পরিষদ ও শিল্প সমিতি/শিল্পসমূহ, আন্তর্জাতিকভাবে স্বনামধন্য সনদায়ন প্রতিষ্ঠান, দক্ষতা কাজে সম্পৃক্ত ব্যক্তি এ তহবিল হতে অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন করতে পারে।

প্রথমবারের মতো শুধু দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোকে এ তহবিল হতে অর্থ সহায়তা প্রদানের জন্য এনএসডিএ কর্তৃক গত ২ এপ্রিল ২০২৩ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ২৫৮টি আবেদন জমা পড়ে। আবেদনসমূহ ধাপে ধাপে যাচাইবাছাই করে কর্তৃপক্ষের সভায় উপস্থাপন পূর্বক এনএসডিএ-এর সুপারিশক্রমে ৯৭টির তালিকা এনএইচআরডিএফ দপ্তরে প্রেরণ করা হচ্ছে। যাচাইবাছাই সম্পন্ন করে ইতোমধ্যে ৭টি প্রতিষ্ঠানের অনুকূলে মানব সম্পদ উন্নয়ন তহবিল কোম্পানি হতে অর্থ ছাড় করা হয়েছে। ক্রমান্বয়ে সুপারিশকৃত প্রতিষ্ঠানগুলিকে অর্থায়ন করা হবে।

**এনএইচআরডিএফ হতে ০৭টি প্রতিষ্ঠানের অর্থ বরাদ্দের তথ্য:**

| ক্র. ন. | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম<br>নিবন্ধন নম্বর | অর্থায়নকৃত কোর্সের নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা<br>STP-DHA-000092 | 1. Electrical Installation and Maintenance for Light Engineering-2<br>2. Machine Shop Practice-3<br>3. Welding-1<br>4. Refrigeration and Air Conditioning-1 | ১,০৯,৫৫,২০০.০০<br>(এক কোটি নয় লক্ষ পঞ্চান্ন হাজার দুইশত) |
| ০২ | শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র মিরপুর, ঢাকা<br>STP-DHA-000099 | 1. Knit Sewing Machine Operation-2 | ৩২,৭২,৮০০.০০<br>(বত্রিশ লক্ষ বাহাত্তর হাজার আটশত) |
| ০৩ | ঢাকা টেকনিক্যাল কলেজ, আটিবাজার, কেরানীগঞ্জ, ঢাকা<br>STP-DHA-000049 | 1. Electrical Installation and Maintenance for Construction-2<br>2. Knit Sewing Machine Operation-2 | ৬৬,৭৭,৬০০.০০<br>(ছেষট্টি লক্ষ সাতাত্তর হাজার ছয়শত) |
| ০৪ | উজ্জ্বলা লিমিটেডট<br>গুলশান-১, ঢাকা<br>STP-DHA-000693 | 1. Beautification-2<br>2. Makeup Art-2 | ৬৭,৭৭,৯২০.০০<br>(সাতষট্টি লক্ষ সাতাত্তর হাজার নয়শত বিশ) |

| ক্র. ন. | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম নিবন্ধন নম্বর | অর্থায়নকৃত কোর্সের নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০৫ | ড্যাফোডিল ইন্টারন্যাশনাল প্রফেশনাল ট্রেনিং ইনস্টিটিউট কলাবাগান, ঢাকা STP-DHA-000017 | 1.Web Application Development with Python-4<br>2.Android Mobile Application Development-4<br>3.Graphic Design for Freelancing-3 | ৯৫,৩০,৪০০.০০ (পঁচানব্বই লক্ষ ত্রিশ হাজার চারশত) |
| ০৬ | শ্যামলী আইডিয়াল টেকনিক্যাল কলেজ মোহাম্মদপুর, ঢাকা STP-DHA-000415 | 1. Electrical Installation and Maintenance for Construction-2<br>2.Automotive Mechanics-1<br>3. IT Support Service-3<br>4. Knit Sewing Machine Operation-2 | ১,০৯,০৭,২০০.০০ (এক কোটি নয় লক্ষ সাত হাজার দুইশত) |
| ০৭ | ব্র্যাক দক্ষতা উন্নয়ন কর্মসূচি ব্র্যাক সেন্টার মহাখালী, ঢাকা STP-DHA-000152 | 1.Programmable Logic Controller (PLC)-4<br>2. Electrical Installation and Maintenance for Light Engineering-2<br>3. Digital Marketing for Freelancing-3<br>4.Refrigeration and Air Conditioning-1 | ১,২০,১১,২০০.০০ (এক কোটি বিশ লক্ষ এগারো হাজার দুইশত) |

## ২.১০ বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা, ২০২২

ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনাল প্রতি দুই বছর অন্তর বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করে থাকে। বাংলাদেশসহ ৮৪টি দেশ ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনালের সদস্য। বাংলাদেশ প্রথমবারের মতো রাশিয়ার কাজানে অনুষ্ঠিত বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা, ২০১৯-এ পেটিসরি এন্ড কনফেকশনারি ও ফ্যাশন টেকনোলজি অকুপেশনে অংশগ্রহণ করে। কোভিড-১৯ এর কারণে ২০২১ সালের ৪৬তম বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা ২০২২ সালের অক্টোবর মাসে চীনের সাংহাইয়ে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা কোভিড পরিস্থিতির কারণে সংক্ষিপ্ত পরিসরে প্রতিযোগিতা ২০২২-এ ১৫টি দেশে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সুইজারল্যান্ডে অনুষ্ঠিত কুকিং ও বেকারি অকুপেশনে এবং ফিনল্যান্ডে অনুষ্ঠিত ফ্যাশন টেকনোলজি অকুপেশনে অংশগ্রহণ করে। বাংলাদেশের প্রতিযোগী মোঃ সাব্বির হোসেন হৃদয় বেকারি অকুপেশনে অষ্টম স্থান অধিকার করেন।



বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা, ২০২২-এ বাংলাদেশের দুই প্রতিযোগী

## ২.১১ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা, ২০২৩

বিশ্ব দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্বশর্ত হলো জাতীয় পর্যায়ে দক্ষতা প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে প্রতিযোগী বাছাই করা। সে লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা, ২০২৩' আয়োজন করেছে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে ১৩টি পেশায় আবেদন আহবান করা হয়। বিভিন্ন জেলার প্রাক-বাছাই কার্যক্রমে প্রতিযোগীদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে এ সম্বলিত একটি বিজ্ঞাপনচিত্র নির্মাণ করে দেশের জনপ্রিয় ও শীর্ষস্থানীয় একাধিক টিভি চ্যানেলে প্রচার করা হয়। এছাড়া, বিজ্ঞাপনচিত্রটি এনএসডিএ ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া এবং এটুআই-এর তিনটি ওয়েব পোর্টালের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়।

আবেদন করা প্রার্থীদের জেলা পর্যায়ের বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। জেলা পর্যায়ের ৪৯৬ জনকে ইতোমধ্যে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য চূড়ান্ত করা হয়েছে যার ট্রেডভিত্তিক চিত্র নিম্নরূপঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আইটি নেটওয়ার্ক সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন | ৬২ | ক্লাউড কম্পিউটিং | ১৮ | বেকারি | ১৯ |
| ওয়েব টেকনোলজিস | ৮২ | ওয়েল্ডিং | ৪৬ | রেস্টুরেন্ট সার্ভিস | ৩৫ |
| প্লাস্টারিং এন্ড ড্রাইওয়াল সিস্টেম | ১ | কুকিং | ৬৯ | সাইবার সিকিউরিটি | ৫৩ |
| পেইন্টিং এন্ড ডেকোরেটিং | ৫৯ | প্রিন্ট মিডিয়া | ১৯ | | |
| পেটিসারি এন্ড কনফেকশনারি | ৬ | ফ্যাশন টেকনোলজি | ২৭ | | |

বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা থেকে বাছাইকৃত প্রতিযোগী জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় বিভিন্ন অকুপেশনে চ্যাম্পিয়নরা ২০২৪ সালে ফ্রান্সের লিওতে অনুষ্ঠেয় ৪৭তম বিশ্ব দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন।



জেলাভিত্তিক প্রাক-বাছাই কার্যক্রম

## ৩.০ পরিকল্পনা ও দক্ষতামান উইং

### ৩.১ দক্ষতা পরিষদ গঠন

দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও এনএসডিএ-এর মধ্যে যোগাযোগ রক্ষা, দক্ষতার চাহিদা ও সরবরাহ বিষয়ে গবেষণা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর সাথে শ্রমবাজারে বিদ্যমান চাহিদার সমন্বয় সাধন, শ্রমবাজারের চাহিদার পরিপ্রেক্ষিতে অভিন্ন পাঠ্যক্রম প্রস্তুত করা, শ্রমবাজারের চাহিদার পূর্বাভাস প্রদান, শিল্পে সংযুক্তি ও শিক্ষানবিশ নিয়োগে সহযোগিতা করা, উপযুক্ত বিশেষজ্ঞদের দ্বারা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি করা এবং যোগ্য ও প্রত্যায়িত অ্যাসেসর দ্বারা অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করার কার্যক্রমে সহায়তার উদ্দেশ্যে আইএসসি গঠন করা হয়। এসব লক্ষ্য সামনে রেখে ২০২২-২৩ অর্থবছরে ৩টিসহ এ পর্যন্ত নিম্নোক্ত ১৬টি শিল্প দক্ষতা পরিষদ গঠন (আইএসসি) করা হয়েছে:

| | |
|---|---|
| ১. কনস্ট্রাকশন আইএসসি | ৯. এগ্রোফুড আইএসসি |
| ২. লেদার এন্ড লেদার গুডস আইএসসি | ১০. ফার্নিচার আইএসসি |
| ৩. ট্যুরিজম এন্ড হসপিটালিটি আইএসসি | ১১. ইনফরমাল সেক্টর আইএসসি |
| ৪. আইসিটি আইএসসি | ১২. ক্রিয়েটিভ মিডিয়া আইএসসি |
| ৫. ফার্মাসিউটিক্যালস আইএসসি | ১৩. জুট সেক্টর আইএসসি |
| ৬. আরএমজি এন্ড টেক্সটাইল আইএসসি | ১৪. এগ্রিকালচার আইএসসি |
| ৭. সিরামিক আইএসসি | ১৫. প্লাস্টিকস আইএসসি |
| ৮. লাইট ইঞ্জিনিয়ারিং আইএসসি | ১৬. লজিস্টিক সেক্টর আইএসসি |

## ৩.২ শিল্প দক্ষতা পরিষদের কার্যাবলি

- দক্ষতা উন্নয়নের প্রয়োজনে সংশ্লিষ্ট খাত বা উপ-খাত ইত্যাদির প্রশিক্ষণ চাহিদা ও কর্মসংস্থানের সুযোগ নিরূপণে কর্তৃপক্ষকে সহযোগিতা;
- সংযুক্তি ও শিক্ষানবিশি কার্যক্রমের আওতায় দক্ষতা প্রশিক্ষণার্থীদের শিল্প সংযুক্তিতে সহায়তা;
- জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার পূর্বাভাস সম্পর্কিত তথ্য প্রকাশ, দক্ষতা সংক্রান্ত গবেষণা, জরিপ সম্পাদন করে কর্তৃপক্ষের নিকট জমাদান;
- সংশ্লিষ্ট খাত ও উপ-খাতে নিয়োজিত কর্মীদের আপ-স্কিলিং ও রি-স্কিলিং কার্যক্রমে সহযোগিতা;
- প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও অ্যাসেসর মূল্যায়নে কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান;
- সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন পাঠ্যক্রম প্রস্তুত করতে কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান।

শিল্প দক্ষতা পরিষদ পরিচালনা গাইডলাইন, ২০২২ অনুসারে আইএসসি গঠন ও এর পরিচালনা নির্ধারিত হয়। আইএসসির সক্ষমতা বৃদ্ধির জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।




লজিস্টিক সেক্টর আইএসসি গঠনের মতবিনিময় সভা

## ৩.৩ দক্ষতামান ও পাঠ্যক্রম সংক্রান্ত কার্যক্রম

পরিকল্পনা ও দক্ষতামান উইং-এর দক্ষতামান ও পাঠ্যক্রম অধিশাখা নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করে থাকে:

১. আইএসসির সাথে আলোচনাক্রমে শিল্পের চাহিদা অনুযায়ী দক্ষতামান নির্ধারণের জন্য অগ্রাধিকারমূলক পেশা চিহ্নিতকরণ;

২. আইএসসি ও শিল্পের প্রয়োজন এবং বৈদেশিক জনশক্তির চাহিদা অনুযায়ী লেভেলভিত্তিক বিভিন্ন অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (সিএস), কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট, কম্পিটেন্সি বেজড কারিকুলাম (সিবিসি) এবং কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম) ইত্যাদি প্রণয়ন;

৩. প্রণীত দক্ষতামান অংশীজনদের নিয়ে কনসালটেশন কর্মশালায় ভ্যালিডেশনের মাধ্যমে চূড়ান্তকরণ;

৪. চূড়ান্ত দক্ষতামানের অনুমোদন গ্রহণ ও জারি;

৫. স্থানীয় ও বৈদেশিক জনশক্তির চাহিদার আলোকে নতুন দক্ষতামান তৈরি;

৬. পাঠ্যক্রম প্রণয়নে আইএসসি এবং অংশীজনদের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ;

৭. জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের মান অনুযায়ী পাঠ্যক্রম প্রণয়নের রূপরেখা তৈরি ও অনুমোদন গ্রহণ;

৮. প্রণীত চূড়ান্ত ডকুমেন্টসমূহ কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড এবং ডকুমেন্টেশন সেলে প্রেরণ;

দক্ষতামান ও পাঠ্যক্রম অধিশাখা হতে নিম্নোক্ত ডকুমেন্ট প্রণয়ন এবং অনুমোদন গ্রহণ করা হয়:

| বিষয় | ২০২২-২৩ অর্থবছরে প্রণীত | সর্বমোট |
|---|---|---|
| পেশাগত দক্ষতামান | ৬৮ | ২১৬ |
| কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট | ৬৮ | ২১৬ |
| পাঠ্যক্রম | ৩৫ | ৭৪ |
| সিবিএলএম | ৪৫ | ১৬৮ |

## ৩.৪ কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (CS) ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (CAD) প্রণয়ন, ভ্যালিডেশন ও অনুমোদন

দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম বা কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (CS), কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (CAD) কম্পিটেন্সি বেজড কারিকুলাম (সিবিসি) ও কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল ও সিবিএলএম প্রণয়ন করা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অন্যতম কাজ। দক্ষতা প্রশিক্ষণের মান উন্নয়নে পেশার আদর্শমান অনুযায়ী অবকাঠামো উন্নয়ন, প্রশিক্ষকের মান উন্নয়ন, অ্যাসেসরের মান উন্নয়ন এবং প্রশিক্ষণ প্রদানের জন্য ল্যাব বা ওয়ার্কশপের আদর্শমান নির্ধারণ, ল্যাব ও ওয়ার্কশপের যন্ত্রপাতি ও সরঞ্জামের মান নির্ধারণ এবং প্রতিষ্ঠানভিত্তিক মান উন্নয়নে কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট প্রণয়ন করা হয়।

শ্রমবাজারের চাহিদা অনুযায়ী অকুপেশন নির্ধারণ করে প্রাথমিকভাবে কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (সিএস) প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করা হয়। প্রস্তুতকৃত সিএস চূড়ান্তভাবে প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট অকুপেশনের বিশেষজ্ঞ, শিল্পের প্রতিনিধি, একাডেমিয়া হতে প্রতিনিধিদের উপস্থিতিতে কর্মশালার মাধ্যমে তা প্রণয়ন করা হয়। চূড়ান্তভাবে প্রণয়নকৃত সিএস ও ক্যাড ভ্যালিডেশনের লক্ষ্যে সংশ্লিষ্ট আইএসসি-এর চেয়ারম্যানের সভাপতিত্বে ভ্যালিডেশন কর্মশালার আয়োজন করা হয়। ভ্যালিডেশন কর্মশালায় সংশ্লিষ্ট অকুপেশনের বিশেষজ্ঞ, শিল্পের প্রতিনিধি, একাডেমিয়া ও আইএসসি-এর প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে সিএস এবং ক্যাড ভ্যালিডেট ও অনুমোদন করা হয়।

ভ্যালিডেশন কর্মশালায় ভ্যালিডেশনকৃত সিএস-ক্যাড, সিবিসি, ও সিবিএলএম কর্তৃপক্ষের সভায় অনুমোদন করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে ৬৮টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট প্রণয়ন করা হয় (পরিশিষ্ট-১)।



ফুড প্রিজার্ভেশন অকুপেশনের সিএস ভ্যালিডেশন ওয়ার্কশপ

## ৩.৫ কারিকুলাম প্রণয়ন (Competency Based Curriculum: CBC)

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৬-এ কারিকুলাম প্রণয়নের কথা বলা হয়েছে। দেশীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য প্রধান কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator), অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়ন এবং এসবের বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা এনএসডিএ-এর অন্যতম প্রধান দায়িত্ব। কারিকুলাম প্রণয়নের ফলে প্রতিটি ইউনিটের আউটকাম কী তা জানা যায়। তাছাড়া, কারিকুলাম থেকে CBLM প্রণয়নের ক্ষেত্রে নির্দেশনা পাওয়া যায়। তবে কারিকুলাম ছাড়াও শুধুমাত্র স্ট্যান্ডার্ড প্রণয়ন করে প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব। ২০২২-২৩ অর্থবছরে ৩৫টি কারিকুলাম প্রণীত হয়। (পরিশিষ্ট-২)

## ৩.৬ কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম) প্রণয়ন

প্রশিক্ষণার্থী প্রশিক্ষণলব্ধ জ্ঞান কর্মপরিবেশে যথাযথভাবে প্রয়োগ করে নির্ধারিত কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করে শ্রমবাজারের চাহিদা পূরণ এবং নিয়োগকারী কর্তৃপক্ষের সন্তুষ্টি অর্জন করতে পারে। এক্ষেত্রে প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়নে কার্য, প্রযুক্তির স্তর, কর্ম পরিবেশ এবং কর্মীর সামর্থ্য বিশ্লেষণের মাধ্যমে প্রণীত প্রশিক্ষণ সামগ্রীই একজন কর্মীর সত্যিকারের সক্ষমতা বা পারদর্শিতার প্রমাণক হিসেবে বিবেচিত হয়। বর্তমানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সনদপ্রাপ্ত স্নাতকধারীগণ শিল্পের চাহিদা পূরণে অনেকাংশে সক্ষম হচ্ছেন না। তাই অনেকে স্নাতক সম্পন্ন করেও চাকরি না পেয়ে বেকার জীবনযাপন করছেন। এই অবস্থা থেকে বেরিয়ে আসার লক্ষ্যে সরকার জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিতে সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন অন্তর্ভুক্ত করেছে। সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন পদ্ধতিতে প্রশিক্ষণের প্রতিটি স্তরে শিল্প প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করা হয়। এই প্রক্রিয়ায় পেশার কার্য পর্যালোচনা করে শিল্প প্রতিষ্ঠানের চাহিদার নিরিখে অকুপেশনাল স্ট্যান্ডার্ড প্রণয়ন করা হয়। সংশ্লিষ্ট শিল্প দক্ষতা পরিষদের চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় সংশ্লিষ্ট অকুপেশনে বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে স্ট্যান্ডার্ডটি চূড়ান্ত করা হয়। অনুরূপভাবে শিল্প প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তির মাধ্যমে প্রশিক্ষণার্থীদের জন্য Competency Based Learning Materials (CBLM) তৈরি করা হয়। এটি প্রশিক্ষণার্থীদের সহজেই জ্ঞান ও দক্ষতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করে। এনএসডিএ থেকে এ পর্যন্ত মোট ১৬৮টি সিবিএলএম প্রণয়ন করা হয়েছে যার মধ্যে ২০২২-২৩ অর্থবছরে প্রণীত সিবিএলএম ৪৫টি (পরিশিষ্ট-৩)।

## ৪.০ নিবন্ধন ও সনদায়ন উইং

এনএসডিএ-এর অন্যতম প্রধান কাজ হলো দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে এনএসডিএ-এর আওতায় নিবন্ধন প্রদান করা। নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কোর্স অনুমোদন সাপেক্ষে সনদায়িত প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে নির্ধারিত দিনে এনএসডিএ প্রণীত টুলসের মাধ্যমে জ্ঞান, দক্ষতা ও অ্যাটিচুড মূল্যায়ন করা হয়। একটি অকুপেশনাল স্ট্যান্ডার্ড-এর সবগুলো ইউনিটে সক্ষম অ্যাসেসিকে 'কম্পিটেন্ট' বা সক্ষমতার সনদ প্রদান করা হয়। সবগুলো ইউনিটে সক্ষম না হলে প্রশিক্ষণার্থী যেসব ইউনিটে সক্ষমতা অর্জন করেছেন সেসব ইউনিটের জন্য তাকে 'স্টেটমেন্ট অব অ্যাচিভমেন্ট' সনদ প্রদান করা হয়। পরবর্তীতে অকৃতকার্য ইউনিটগুলোতে অংশ নিয়ে সক্ষমতার সনদ গ্রহণের সুযোগ আছে।

সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ পাঠ্যক্রমের আওতায় তাত্ত্বিক আলোচনার চেয়ে প্রায়োগিক দিকের ওপর অধিক গুরুত্ব আরোপ করা হয়। সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ মূল্যায়নের ক্ষেত্রেও কার্য সম্পাদনকেই গুরুত্ব দেওয়া হয় এবং ঐ কাজের জন্য শিল্পের পূর্বনির্ধারিত মানদণ্ডের আলোকে মূল্যায়ন করা হয়। এ ধরনের প্রশিক্ষণই প্রকৃত অর্থে কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ। এ লক্ষ্য অর্জনে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যক্রম চলমান আছে।

### ৪.১ দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন

দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়ন, বাস্তবায়ন, সমন্বয়সাধন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, প্রশিক্ষণের মান উন্নয়ন, অ্যাসেসমেন্ট এবং সনদায়নের লক্ষ্যে সরকার জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ গঠন করেছে।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ১৬(১) ধারা অনুযায়ী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও জাতীয় পর্যায়ে সনদ প্রদানে আগ্রহী দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে (এসটিপি) কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হতে হবে।





দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শন

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধনের নিমিত্ত ন্যাশনাল স্কিলস পোর্টাল (NSP)-এ আবেদন দাখিলের পর আবেদনকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের আবেদনের সাথে যুক্ত তথ্যাবলি সরেজমিন পরিদর্শনের জন্য পরিদর্শন টিম গঠন করে অফিস আদেশ জারি করা হয়। পরিদর্শন টিম সরেজমিন পরিদর্শনপূর্বক তথ্য যাচাইবাছাই করে অনলাইনে প্রতিবেদন দাখিল করে। পরিদর্শন প্রতিবেদনসমূহ পর্যায়ক্রমে কর্তৃপক্ষের সভায় উপস্থাপনের মাধ্যমে প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২২-২০২৩ অর্থবছরে মোট ২১১টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয় (পরিশিষ্ট ৪)। প্রতিষ্ঠার পর এ পর্যন্ত সর্বমোট ৫৭০টি দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে নিবন্ধিত করা হয়েছে।

## ৪.২ প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়া

এনএসডিএ-এর নিবন্ধন একটি সার্বক্ষণিক, সহজ ও উম্মুক্ত প্রক্রিয়া। যে কোনো আগ্রহী দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান যে কোনো সময়ে এনএসডিএ-এর নিবন্ধন পেতে আবেদন করতে পারে। আগ্রহী প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিজ উদ্যোগে ন্যাশনাল স্কিলস পোর্টালের (NSP) মাধ্যমে আবেদন দাখিল করতে পারে। এনএসডিএ ও আইএসসির প্রতিনিধির মাধ্যমে গঠিত পরিদর্শন টিম প্রতিষ্ঠানটি পরিদর্শন করে পোর্টালে প্রতিবেদন দাখিল করে। দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন গাইডলাইন বর্ণিত শর্ত পূরণ করলে প্রতিষ্ঠানটিকে নিবন্ধন প্রদান করা হয়।

## ৪.৩ কোর্স পরিচালনার স্বীকৃতি

এনএসডিএ-এর অধীনে নিবন্ধিত দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলো তাদের সক্ষমতার নিরিখে কোর্স পরিচালনার আবেদন করলে এনএসডিএ ও আইএসসি-এর কর্মকর্তাগণ প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শনপূর্বক কোর্স প্রদানের সুপারিশসহ প্রতিবেদন দাখিল করলে কোর্স পরিচালনার স্বীকৃতি প্রদান করা হয়। ২০২২-২৩ সময়ে এনএসডিএ-এর অধীনে ২৬৭টি প্রতিষ্ঠানকে ১৯৮২টি কোর্স পরিচালনার অনুমোদন প্রদান করা হয়।

## ৪.৪ অ্যাসেমেন্ট সেন্টার স্বীকৃতি

নিবন্ধিত প্রতিষ্ঠানগুলো কোর্স পরিচালনার স্বীকৃতি পাবার পর কোর্স পরিচালনা শুরু করে। একটি অকুপেশনের কোর্স অ্যাসেমেন্ট পরিচালনার জন্য প্রতিষ্ঠানগুলো অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে স্বীকৃতির আবেদন করে। তবে বর্তমানে নিবন্ধন, কোর্স ও অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতির আবেদন একসঙ্গে করা যায়। পরিদর্শন সাপেক্ষে তিনটির অনুমোদন একসঙ্গে দেওয়া হচ্ছে। ২০২২-২৩ অর্থবছরে ১৩৮টি প্রতিষ্ঠানে ১৪৪৮টি অকুপেশনে অ্যাসেসমেন্ট পরিচালনার স্বীকৃতি প্রদান করা হয়েছে।

## ৪.৫ পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি

দক্ষতার সনদায়ন কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং সামাজিক মর্যাদা বৃদ্ধি করে। পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recogniction for Prior learning: RPL) জাতীয় দক্ষতা যোগ্যতা কাঠামোর আওতায় একটি যুগোপযোগী, নমনীয় ও সমন্বিত দক্ষতা নির্ধারণ ব্যবস্থা। আরপিএল-এর মুখ্য উদ্দেশ্য হলো জীবনব্যাপী দক্ষতা উন্নয়নে উৎসাহ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ নির্ভর দক্ষতাভিত্তিক একটি আর্থসামাজিক ব্যবস্থা গড়ে তোলা। এটি বিশ্বব্যাপী স্বীকৃত এমন একটি ব্যবস্থা যেখানে একজন শিক্ষার্থী/কর্মে নিয়োজিত ব্যক্তি তার জীবনের যে কোনো স্তরে শিক্ষা ও দক্ষতা উন্নয়নের সুযোগ পান। সনদায়নের গ্রহণযোগ্যতা তখনই অর্জিত হয় যখন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত দক্ষতা ব্যবহার করে কর্মসংস্থানের মাধ্যমে অধিকতর উপার্জনের ক্ষেত্র তৈরি হয়। বিভিন্ন অকুপেশনে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের মাধ্যমে সনদায়নের গ্রহণযোগ্যতা বৃদ্ধি করা সমীচীন। আন্তর্জাতিক পর্যায়ে এ দক্ষতা সনদের পারস্পরিক স্বীকৃতি প্রদান করা জরুরি।

দেশে ও বৈদেশিক শ্রমবাজারে কর্মরত উল্লেখযোগ্য সংখ্যক জনবলের যথাযথ দক্ষতার আনুষ্ঠানিক কোনো স্বীকৃতি নেই। ফলশ্রুতিতে, দক্ষতা থাকা সত্ত্বেও তারা দক্ষতার নিম্নস্তরে ও নিম্ন মজুরিতে কর্মে নিয়োজিত আছেন এবং কাঙ্ক্ষিত সামাজিক মর্যাদা পাচ্ছেন না। আরপিএল পদ্ধতিতে স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি পরবর্তীতে আনুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দেশে-বিদেশের প্রতিযোগিতামূলক বাজারে উন্নত কর্মসংস্থানের সুযোগ পাবেন। পাশাপাশি, কর্মরত অবস্থায় পদোন্নতি বা বেতন বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে। এ বৃহৎ জনগোষ্ঠীকে আরপিএল পদ্ধতিতে সনদায়নের মাধ্যমে যথাযথ দক্ষতা স্তরে নিয়োগ ও ন্যায্য মজুরি নিশ্চিত করাসহ কাঙ্ক্ষিত সামাজিক মর্যাদা প্রদান করা সম্ভব। এছাড়া, আনুষ্ঠানিক, অনানুষ্ঠানিক এবং উপানুষ্ঠানিকভাবে প্রশিক্ষিত ও দক্ষতাপ্রাপ্ত বিপুল সংখ্যক ব্যক্তি বিভিন্ন কারণে তাদের প্রশিক্ষণ ও দক্ষতার আনুষ্ঠানিক স্বীকৃতি বা সনদপ্রাপ্তির সুযোগ পাচ্ছেন না। আরপিএল পদ্ধতিতে সনদায়িত ব্যক্তির কর্মদক্ষতার আত্মবিশ্বাস, নতুন চাকুরির অনুসন্ধান, সামাজিক মর্যাদাসহ স্বনির্ভর কাজের মাধ্যমে আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হতে পারে। অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান আরপিএল সেন্টারের কার্যক্রম চালাতে পারবে।

## ৪.৬ রি-স্কিলিং

কর্মসংস্থানমূলক দক্ষতা উন্নয়নে রি-স্কিলিং বা পুনঃদক্ষতা অর্জনের বিষয়ে গুরুত্বারোপ এখন সময়ের দাবি। এমন অনেক দক্ষতা আছে যা অতীতে কর্মসংস্থানের জন্য যথেষ্ট বিবেচিত হলেও প্রযুক্তির উৎকর্ষের কারণে বর্তমান কর্মসংস্থান টিকিয়ে রাখার জন্য যথেষ্ট নয়, বরং নতুন নতুন দক্ষতা অর্জনের প্রয়োজন। এ ক্ষেত্রে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সহযোগিতা ও উদ্যোগ গ্রহণ করা দরকার। এতে একজন কর্মচারী সহজেই নতুন বা পরিবর্তিত বিষয় সম্পর্কে জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবেন। এ জন্য ভবিষ্যতে দেশের প্রতিটি কর্মক্ষেত্রেই প্রয়োজন অনুযায়ী পুনঃদক্ষতা প্রশিক্ষণ অন্তর্ভুক্তির ব্যবস্থা করা হবে।

## ৪.৭ আপ-স্কিলিং

কোভিড-১৯ সামাজিক-অর্থনৈতিক উন্নয়নে বিরূপ প্রভাব ফেলেছে। লক্ষ লক্ষ ব্যক্তি চাকরি হারিয়েছেন, হাজার হাজার ব্যবসা প্রতিষ্ঠান ও শিল্পকারখানা বন্ধ হয়ে গেছে। লকডাউনের কারণে সামগ্রিক উৎপাদন প্রক্রিয়া এবং অর্থনৈতিক কার্যক্রম ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

বাংলাদেশেও এই অভিজ্ঞতার কোনো ব্যতিক্রম ঘটেনি। কিন্তু প্রযুক্তিভিত্তিক পেশার জগতে বেশকিছু নতুন সুযোগও সৃষ্টি হয়েছে, যেমন: ডিজিটাল প্রযুক্তির ব্যবহার, ই-কমার্স, ক্রমবর্ধমান ডিজিটাল আর্থিক পরিসেবা এবং ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে অনলাইন ও দূরশিক্ষণ পদ্ধতির অধিকতর ব্যবহার। ফলত, কর্মরত ব্যক্তিরা, যারা তাদের বর্তমান দক্ষতা নিয়ে কিছুটা প্রয়োজনহীন হয়ে উঠেছেন এবং যারা সামগ্রিক মানবসম্পদ উন্নয়নের অংশ হিসেবে বর্তমানে শ্রমবাজারে প্রবেশ করছেন, দু-পক্ষের জন্যই নতুন ধরনের দক্ষতা ও শিখন পদ্ধতি পূর্বাপেক্ষা অনেক বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। সুতরাং বর্তমানে কর্মরত ব্যক্তিদের রি-স্কিলিং এবং আপ-স্কিলিং তাদের জীবনব্যাপী শিখনের ক্ষেত্রে অত্যন্ত প্রয়োজনীয়। জীবনব্যাপী শিখন কার্যকর করার জন্য সরকার, চাকুরিদাতা, শ্রমজীবী এমনকি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সক্রিয় যোগাযোগ স্থাপন এবং সুসমন্বিত প্রচেষ্টা গ্রহণ করা দরকার। সে লক্ষ্যে এনএসডিএ কাজ করছে।

## ৪.৮ সনদায়ন

জাতীয় ও আন্তর্জাতিক মান অনুযায়ী দক্ষতা উন্নয়ন নিশ্চিতকরণ, সক্ষমতাভিত্তিক নিরপেক্ষ দক্ষতামান যাচাই নিশ্চিতকরণ ও অভিন্ন মানের সনদায়ন নিশ্চিতকরণের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে অ্যাসেসর পুল গঠিত হয়েছে যা শক্তিশালীকরণের প্রক্রিয়া চলমান। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন ধাপে ৩৫৪ জন অ্যাসেসর এনএসডিএ-এর পুলভুক্ত হয়েছেন। এছাড়া ২০২২-২৩ অর্থবছরে ৩৬০ জন প্রার্থীকে ট্রেইনার অ্যাসেসর হিসেবে কম্পিটেন্ট ঘোষণা করা হয় এবং সনদ প্রদানের নিমিত্ত চূড়ান্ত করা হয়। কম্পিটেন্ট প্রশিক্ষণার্থীদের সনদ ন্যাশনাল স্কিলস পোর্টালের মাধ্যমে দেওয়া শুরু হয়েছে। গত অর্থবছরে ১৫টি অকুপেশনের বিভিন্ন লেভেলের সর্বমোট ৪০২৭ জনকে সনদ দেওয়া হয়েছে। নিম্নে এ-সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হলো:

| সময়কাল | কম্পিটেন্ট | নট ইয়েট কম্পিটেন্ট | মোট |
|---|---|---|---|
| জুন ২০২২ পর্যন্ত | ১২৬২ | ৫১৫ | ১৭৭৭ |
| জুলাই '২২- জুন '২৩ পর্যন্ত | ৩১৯৮ | ১৬৪৩ | ৪৭৪১ |


## ৪.৯ পারস্পরিক স্বীকৃতি চুক্তি (Mutual Recognition Agreement: MRA)

বর্তমান ও ভবিষ্যতের চাহিদাসম্পন্ন পেশায় দক্ষ জনবল জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে সরবরাহ এবং এনএসডিএ-এর দক্ষতা সনদের যথাযথ মূল্যায়নের নিমিত্ত বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠানের সঙ্গে পারস্পরিক স্বীকৃতি চুক্তি (এমআরএ) সম্পাদনের কার্যক্রম চলমান আছে। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ৬(চ) অনুযায়ী এনএসডিএ প্রশিক্ষণের মান উন্নয়ন, সনদায়ন ও পারস্পরিক স্বীকৃতির ব্যবস্থা গ্রহণ করবে এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিধিমালা, ২০২০ এর বিধি ১৩ অনুযায়ী কর্তৃপক্ষ অন্যান্য দেশ বা আঞ্চলিক জোটের যোগ্যতা কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে সনদ প্রদান এবং অন্যান্য দেশ কর্তৃক প্রদত্ত সমজাতীয় সনদের পারস্পারিক স্বীকৃতির উদ্দেশ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রবাসী ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়, বিদেশি দূতাবাস ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ বা সংস্থার সহযোগিতা গ্রহণ করতে পারবে। পারস্পরিক স্বীকৃতি চুক্তি (এমআরএ) বাস্তবায়নের ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশি জনশক্তির দক্ষতাকে অন্য রাষ্ট্রে স্বীকৃতি প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিদেশে বাংলাদেশিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও নতুন শ্রমবাজারের তথ্য হালনাগাদকরণের পাশাপাশি প্রবাসী বাংলাদেশিদের স্বার্থ সংরক্ষণ, দ্বিপক্ষীয় ও আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে এনএসডিএ কার্যক্রম অব্যাহত রেখেছে। ইতোমধ্যে এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে একটি অনলাইন সভার আয়োজন করেছে। এছাড়া, ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ও বাংলাদেশের মধ্যে চুক্তি স্বাক্ষরের নিমিত্ত এনএসডিএ-এর কার্যালয়ে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার প্রতিনিধিদের সঙ্গে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

## ৪.১০ জাতীয় স্কিলস পোর্টাল

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন, প্রশিক্ষণার্থীদের সনদায়ন ও স্কিলস গ্রাজুয়েটদের তথ্য, কোর্স এক্রিডিটেশন, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি-সংক্রান্ত যাবতীয় তথ্য, আইএসসি-সংক্রান্ত বিষয়াদির সমন্বয়ে একটি স্কিলস পোর্টাল তৈরির কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে অধিকাংশ মডিউলের কাজ সম্পন্ন হয়েছে যা লাইভে দেওয়া হয়েছে। স্কিলস পোর্টাল মডিউলার আকারে তৈরি হবে যেখান থেকে ডাটা এন্ট্রির সুবিধা, স্কিলস গ্যাপ বিশ্লেষণ এবং চাহিদা মোতাবেক রিপোর্ট তৈরির সুবিধা থাকবে। প্রাথমিকভাবে ১৭টি মডিউলের পরিকল্পনা থেকে পোর্টালের কার্যক্রম চলমান আছে যা নিম্নরূপ:

১) পলিসি, ডকুমেন্ট, গাইডলাইন, ২) ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি), ৩) রিসার্চ এন্ড স্টাডিজ, ৪) লাইভ জব অপরচুনিটিস, ৫) ট্রেনিং এন্ড অ্যাসেসমেন্ট ম্যাটেরিয়ালস, ৬) স্কিলস ট্রেনিং প্রোভাইডারস রেজিস্ট্রেশন, ৭) কোর্স অ্যাক্রিডিটেশন, ৮) অ্যাসেসমেন্ট সেন্টার অ্যাক্রিডিটেশন, ৯) অ্যাসেসর পুল, ১০) ট্রেইনিং ম্যানেজম্যান্ট, ১১) প্রোগ্রাম এন্ড প্রজেক্ট, ১২) অ্যাসেসমেন্ট এন্ড সার্টিফিকেশন, ১৩) মিউচুয়াল রেকগনিশন এগ্রিমেন্ট, ১৪) ন্যাশনাল একশান প্লান মনিটরিং, ১৫) ইনসপেকশন, কোঅর্ডিনেশন এন্ড মনিটরিং, ১৬) ইভেন্টস এবং ১৭) ফাইন্যান্সিং।




জাতীয় স্কিলস পোর্টালের ড্যাসবোর্ড ও মডিউল ইন্টিগ্রেশন প্লান

## ৫.০ সমন্বয় ও অ্যাসেসমেন্ট উইং

### ৫.১ প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট

এনএসডিএ-এর কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট (ক্যাড) ও কারিকুলাম অনুসরণ করে ইতোমধ্যে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলো অ্যাসেসমেন্ট কার্যক্রম শুরু করেছে। এনএসডিএ নিবন্ধিত দেশের বিভিন্ন দক্ষতা প্রদানকারী প্রতিষ্ঠান থেকে ২০২২-২০২৩ অর্থবছরে ৪০২৭ জন এবং এ পর্যন্ত সর্বসাকুল্যে ৫২৪৭ জন প্রশিক্ষণার্থীকে এনএসডিএ-এর পুলভুক্ত অ্যাসেসরদের দ্বারা অ্যাসেস করা হয়েছে। এর মধ্যে ৩৪টি অকুপেশনে ২৮৭০ জন প্রশিক্ষণার্থী কম্পিটেন্ট হয়েছেন। এ পর্যন্ত কম্পিটেন্ট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৭৩৫ জন। অ্যাসেসমেন্ট কার্যক্রমে এনএসডিএ-এর কর্মকর্তাগণ উপস্থিত থেকে পুরো অ্যাসেসমেন্ট প্রক্রিয়া তদারকি করেন।





প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট কার্যক্রম

### ৫.২ অ্যাসেসমেন্ট টুলস তৈরি

আধুনিক ও সময়োপযোগী অ্যাসেসমেন্ট টুলস তৈরি করা এনএসডিএ-এর অন্যতম দায়িত্ব। ২০২২-২০২৩ অর্থবছরে ৬১টিসহ এ পর্যন্ত সর্বমোট ১০৪টি অ্যাসেমেন্ট টুলস তৈরি করা হয়েছে। এসটিপিসমূহের কোর্স পরিচালনা ও অ্যাসেসমেন্টের নিমিত্ত প্রয়োজনীয় টুলস প্রণয়নের কার্যক্রম চলমান আছে।

## ৫.৩ দক্ষতা সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮(৬)(১)(ঙ) অনুযায়ী এনএসডিএ-এর অন্যতম দায়িত্ব হচ্ছে দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত সকল প্রকল্প ও কর্মসূচির সমন্বয় সাধন ও পরিবীক্ষণ করা। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৫ জানুয়ারি ২০২০ তারিখের পরিপত্রে "প্রকল্প গ্রহণে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতি এবং এ-সংক্রান্ত কৌশল ও কর্মপরিকল্পনা, জাতীয় ও আন্তর্জাতিক চাহিদা অনুসরণ, বৈশ্বিক মান নিশ্চিতকরণ, দ্বৈততা পরিহার, প্রকল্প বাস্তবায়নে অগ্রাধিকার বিবেচনা ইত্যাদি বিষয়ে দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত প্রকল্প, কর্মসূচি ও বৃহৎ প্রকল্পের দক্ষতা সংক্রান্ত কম্পোনেন্ট গ্রহণ, প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, বাস্তবায়ন ও সমন্বয় সাধন"-এ অনুসরণীয় ১২ (বারো) দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, ৩৩টি মন্ত্রণালয়/বিভাগ হতে দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত চলমান ও প্রস্তাবিত প্রকল্পের তথ্য সংগ্রহ করা হয়েছে।

দক্ষতা উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি পরীবিক্ষণ ও সমন্বয় সাধন কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বাস্তবায়নাধীন দক্ষতা-সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ও প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় এনএসডিএ-এর প্রতিনিধি মনোনয়ন চাওয়ার পরিপ্রেক্ষিতে এনএসডিএ-এর প্রতিনিধি সভায় অংশগ্রহণ করে দক্ষতা-সংক্রান্ত প্রকল্পের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদানে এনএসডিএ-এর কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলাম অনুসরণের পরামর্শ প্রদান করে আসছেন।

## ৫.৪ অ্যাসেসর পুল তৈরি

দক্ষতা প্রশিক্ষণার্থীদের অ্যাসেসমেন্ট কার্যক্রম সম্পাদনের জন্য এনএসডিএ-এর আওতায় একটি অ্যাসেসর পুল তৈরির কার্যক্রম চলমান আছে। ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন ধাপে ১৫৯ জন অ্যাসেসর এনএসডিএ-এর পুলভুক্ত হয়েছেন। এ পর্যন্ত পুলভুক্ত অ্যাসেসরের সংখ্যা ৪৩৩ জন।

## ৫.৫ ট্রেইনার অ্যাসেসর পুল তৈরি

সিবিটিএন্ডএ সম্পন্ন যে কোনো ব্যক্তি ও এনএসডিএ-এর পুলভুক্ত অ্যাসেসরদের মধ্যে সিবিটিএন্ডএ সম্পন্ন যে কেউ ট্রেইনার হিসেবে কাজ করতে আগ্রহী হলে তাদের ট্রেইনার অ্যাসেসর হিসেবে পুলভুক্ত করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে ১৫৯ জনকে ট্রেইনার অ্যাসেসর হিসেবে পুলভুক্ত করা হয়েছে। এ লক্ষ্যে এনএসডিএ-এর নির্ধারিত পরীক্ষার মাধ্যমে কম্পিটেন্ট হলে ট্রেইনার অ্যাসেসর হিসেবে পুলভুক্ত হওয়া যায়। এ পর্যন্ত ২৯২ জন ট্রেইনার অ্যাসেসর হিসেবে পুলভুক্ত হয়েছেন।

## ৬.০ এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্প

### ৬.১ প্রকল্প পরিচিতি

'জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ' প্রকল্পটি ৪৬১০.০০ লক্ষ টাকায় জানুয়ারি ২০২২-ডিসেম্বর ২০২৪ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। জিওবির অর্থায়নে বাস্তবায়নাধীন এ প্রকল্পের রাজস্ব খাতে ৪৪৯১.০০ লক্ষ টাকা এবং মূলধন খাতে ৩১.০০ লক্ষ টাকা ধরা আছে।

### ৬.২ প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে কম্পোনান্টভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

| ক্র.ন. | কম্পোনান্ট | বিবরণ |
|---|---|---|
| ১. | কম্পোন্যান্ট-১ | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্প কর্তৃক ৩৪টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড প্রণয়ন ও ভ্যালিডেশন, ১৫টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ভ্যালিডেশন, ২০টি সিবিএলএম প্রণয়ন ও ভ্যালিডেশন (প্রকল্পের অর্থায়নে ২টি সিবিএলএম প্রণয়ন ও রিভিউ এবং প্রকল্পের অর্থায়নে নিয়োগকৃত ফার্ম কর্তৃক প্রেরণকৃত সিবিএলএমগুলোর মধ্যে ১৮টি রিভিউ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে), ৩১টি সিবিসি প্রণয়ন ও ভ্যালিডেশন এবং ৫৫টি অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। |
| ২. | কম্পোন্যান্ট-২ | প্রকল্পের গবেষণা কার্যক্রম এগিয়ে নেয়ার লক্ষ্যে খসড়া ToR প্রণয়নের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে "Infrastructure Investment Facilitation Company (IIFC) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের মাধ্যমে "Skills Mapping in Light Engineering, Furniture, Tourism & Hospitality, Construction, Agriculture and Agrofood" শীর্ষক গবেষণাটি সম্পন্ন করার চুক্তি সম্পন্ন হয়েছে। "A study to find out the skills gap in IT freelancing to create employability and boost the remittance" শীর্ষক গবেষণাটি সম্পন্নকরণের নিমিত্ত কার্যপরিধিসহ Request for Proposal (REP) ডকুমেন্ট প্রস্তুত করা হয়েছে। |
| ৩. | কম্পোন্যান্ট-৩ | ১) National Skills Portal-এর কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br>২) Training on 'Development of Curriculum' শিরোনামে ৫ দিনের একটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>৩) 'Dissemination Workshop on CBT&A System for Managers of Skills Training Providers' সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। |

| ক্র.ন. | কম্পোনেন্ট | বিবরণ |
|---|---|---|
| | | ৪) চট্টগ্রাম বিকেটিটিসিতে CBT&A Methodology Level-4 এ Assessor-দের ২টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>৫) প্রকল্পের আওতায় CBT&A Methodology Level-4 এ Assessor-দের ১টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>৬) 'Orientation Workshop on Competency Based Training and Assessment for NSDA Personnel' সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br>৭) "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ভূমিকা" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br>৮) এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের সহযোগিতায় 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২ অবহিতকরণ' শীর্ষক কর্মশালা জেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। জেলাসমূহ হচ্ছে যথাক্রমে নরসিংদী, কুমিল্লা, গাজীপুর, সিরাজগঞ্জ, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, রাজশাহী, রাজশাহী বিভাগ, নাটোর, মৌলভীবাজার, মাগুরা ও নীলফামারী |
| ৪. | কম্পোন্যান্ট-৪ | ১) বিশ্ব যুব দক্ষতা দিবস-২০২২ উদ্‌যাপনের জন্য দৈনিক ইত্তেফাক, জনকণ্ঠ, বাংলাদেশ বুলেটিন, যুগান্তর, বাংলাদেশ প্রতিদিন ও দ্য ফিনান্সিয়াল এক্সপ্রেস পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশিত হয়েছে। এ দিবস উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশিত হয়েছে। এছাড়া দিবসটির বহুল প্রচারের জন্য ৯০০ পিস টি-শার্ট ও ১০০০ পিস মাস্ক তৈরি ও বিতরণ করা হয়েছে।<br>২) দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে যুবসমাজকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে 'রচনা প্রতিযোগিতা ২০২৩' আয়োজন করা হয়।<br>৩) দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে যুবসমাজকে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে জীবনমানের পরিবর্তন ও দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে সামাজিক নেতিবাচক ধারণা দূরীকরণের লক্ষ্যে ১ মিনিটের একটি টিভিসি বিভিন্ন চ্যানেলে প্রচার করা হচ্ছে।<br>৪) দক্ষতা প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে যুবসমাজকে উদ্দীপ্তকরণ, প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে জীবনমানের পরিবর্তন ও দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে সামাজিক সচেতনা বৃদ্ধিতে ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের জন্য 'ক্যারিয়ার শো' নামক ৬ পর্বের একটি টিভি অনুষ্ঠান নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানটি চ্যানেল আইতে প্রচারিত হয়েছে। |

| ক্র.ন. | কম্পোন্যান্ট | বিবরণ |
|---|---|---|
| ৫. | কম্পোন্যান্ট-৫ | পিআইসির ৬টি সভা এবং পিএসসির ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৬. | কম্পোন্যান্ট-৬ | জাতীয় কর্মপরিকল্পনা ২০২২-২৭ সম্পর্কে অবহিতকরণ কর্মশালা ১৮ ডিসেম্বর ২০২২ অনুষ্ঠিত হয়েছে। |
| ৭. | কম্পোন্যান্ট-৭ | একটি ফটোকপিয়ার ক্রয় করা হয়েছে। |
| ৮. | কম্পোন্যান্ট-৮ | সিবিএলএম প্রণয়নের জন্য ফার্ম নিয়োগের কাজ সম্পন্ন হয়েছে। |

## ৬.৩ আর্থিক অগ্রগতি

| অর্থ বছর | বাজেট বরাদ্দ (লক্ষ টাকায়) | ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) | শতকরা হার |
|---|---|---|---|
| ২০২২-২৩ | ১৬৪০.০০ | ৪৩৩.৬৪ | ২৬.৪৪% |

অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনার ভিত্তিতে বৈদেশিক প্রশিক্ষণ ও বিদেশ ভ্রমণ স্থগিত থাকার কারণে উক্ত খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় না হওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আর্থিক অগ্রগতি হয়নি।

## ৬.৪ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা ২০২২-২৭ অবহিতকরণ কর্মশালা

গত ১৮ ডিসেম্বর ২০২২ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি) ২০২২-এর আলোকে প্রণীত কর্মপরিকল্পা ২০২২-২৭-এর অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া। কর্মশালায় বিশেষ



কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ এহছানে এলাহী এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ কামাল হোসেন। স্বাগত বক্তব্য প্রদান করেন এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) এবং উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতি নারসীন আফরোজ। রাজধানীর আগারগাঁওয়ের পর্যটন ভবনের সম্মেলন কেন্দ্রে দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা, কর্মচারী, পরামর্শক, শিল্প দক্ষতা পরিষদের নেতৃবৃন্দ এবং দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের প্রধানসহ বেসরকারি উন্নয়ন সংস্থা এবং সরকারি বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রায় দুই শতাধিক কর্মকর্তা উপস্থিত ছিলেন।

### ৬.৫ তরুণ প্রজন্মকে দক্ষতা প্রশিক্ষণে উদ্বুদ্ধকরণ কর্মশালা ও রচনা প্রতিযোগিতা, ২০২৩-এর পুরস্কার বিতরণ

তরুণ প্রজন্মকে দক্ষতা প্রশিক্ষণে উদ্বুদ্ধকরণ কর্মশালা এবং রচনা প্রতিযোগিতা ২০২৩-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান রাজধানীর আগারগাঁওস্থ পর্যটন ভবনের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। আজকের তরুণ-তরুণী আগামীর নেতৃত্ব, উন্নত দেশ গঠন ও সমৃদ্ধ অর্থনীতির প্রাণশক্তি। তাই, তারুণ্যের ভাবনায় ভবিষ্যৎ বাংলাদেশকে দেখা ও জানার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আয়োজন করেছিল এই রচনা প্রতিযোগিতা। গত ৩০ মার্চ ২০২৩ তারিখে দুইটি ক্যাটাগরিতে বিজয়ী মোট ২১ জনকে পুরস্কৃত করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



রচনা প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন

## ৬.৬ ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ভূমিকা’ শীর্ষক কর্মশালা

৭ মে ২০২৩ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ অডিটরিয়ামে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ভূমিকা’ শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান ও সিনিয়র সচিব জনাব লোকমান হোসেন মিয়া। কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ ওমর ফারুক এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক জনাব মোঃ শহীদুল আলম এনডিসি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান নাসরীন আফরোজ। সূচনা বক্তব্য রাখেন এনএসডিএ-এর সদস্য জনাব কামরুন নাহার সিদ্দীকা। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক নির্বাহী চেয়ারম্যান জনাব দুলাল কৃষ্ণ সাহা।




সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া

## ৬.৭ জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২ অবহিতকরণ কর্মশালা

এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় সারাদেশে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি) ২০২২ সম্পর্কিত অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাসমূহে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২-এর পাশাপাশি এনএসডিএ-এর কার্যক্রম, দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে প্রচলিত নেতিবাচক ধারণা দূরিকরণে করণীয় ইত্যাদি বিষয় উপস্থাপন করা হয়।

এনএসডিএ-এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, গণ্যমান্য ব্যক্তি, দক্ষতা প্রশিক্ষণে সংশ্লিষ্ট অংশীজন, জেলা/বিভাগের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অভিভাবক এসব কর্মশালাসমূহে অংশগ্রহণ করেন।

এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় জুন ২০২৩ পর্যন্ত ১২টি কর্মশালার আয়োজন করা হয়েছে।

| নিম্নোক্ত জেলা/বিভাগে কর্মশালার আয়োজন করা হয়: | | | |
|---|---|---|---|
